Bengalis In Chicago

presents

PORIJAYI/পরিযায়ী

Durgotstav – 2018

From The BIC family

It is that time of the year again. We yearn to get back home, to admire the lazy grace and the spectacular womanhood of our beautifully decked up home towns. And, we still don't grow out of that feeling. We try our very best to tranform the virtual and digital pujo as close to realilty as posible. So what if our *Shastthi* through *Dashami* lasts less than 48 hours. So what if we seldom get to dress up in Indian clothes, and if even when cursed by Fall weather, we still live through every bit of these moments and never get exhausted clicking photos with the same idol every year.

As we celebrate the October festivities, we would love to send our wishes to the lesser priviledged both back home and here in Chicago. The money collected from selling water bottles and a part of the profits from the event will be donated to the 'Kailash Satyarthi Foundation' and 'Binapani Ashram', Shantiniketan. This year we will also have a winter clothes donation drive on both days. The clothes will be donated to a nearby homeless shelter/Salvation Army.

Without hard work off stage, it is impossible to pull off anything on stage, especially in an event of this magnitude! A big thank you to our team who have relentlessly worked hard to make this happen. Special shout out to our advertising team for their superlative efforts this year and to our sponsors who have been very generous in supporting us over the years. Thanks to UIC for continuing to provide the space for this event. Warm regards to our faculty mentors for their invaluable guidance. Last but not least, thank you all for supporting us graciously even when we were off the mark, applauding us for our achievements and helping us grow each year. Let our parar pujo unravel with great food, decorations, dance, music and lots of fun.

You can take the Bengali out of Bengal, but never Bengal out of the Bengali!
And, don't forget to read our magazine *Porijayi*, like our Facebook page and follow us on Instagram!

Bolo Durga Mai ki…

\- *Indrani & Raktima*

From the Editor's Desk

'Memories': what we are

- Saurja DasGupta

When I started 'Editor's desk' two years ago, I promised myself that I would structure it in the lines of a small essay. The purpose was to share some ideas that I thought were important at that time. The topics I wrote about reflected my current state of intellectual exploration. With just over a month left in the city, I decided to break my promise. I decided that I should write something on *memories*. While we celebrate memories with an air of affectionate nostalgia, I feel we rarely treat them with the respect they deserve. Maybe some of you might find their own memories scattered throughout this incoherent string of thoughts.

We exist in memories. Our very actions would feel unjustified without the stockpile of memories-both old and new. Therefore, we operate within a mesh of conscious and subconscious memories. But sometimes you catch them in a very different mood, and that is when you realize what they mean to you. I recently took a trip down this rabbit-hole during packing. Packing to leave Chicago, for good.

Not the one to be unnecessarily attached to people or things, I decided to get rid of all the paper in my apartment first. And there was a lot to get rid of - lecture notes from five years ago, scribbled nameless phone numbers, narcissistic autographs in violent repetitons, my first TA evaluation, ideas jotted down that would get me my next great publication, some superfluous (and morbid) realizations about our mortality, and of course many unfinished poems aborted before they had any literary rights to exist. Most of what I found were discarded ideas, redundant compliments…things that I passed on for something better. Surrounded by scraps of paper, I suddenly felt claustrophobic; too much of the past does that. I stepped out to the fire-escape for some air, but it was freezing. Looking down on the same dirty, jagged and rodent infested lane, I realized that I still hadn't escaped the clutches of those discarded papers. Now they had taken the form of my neighborhood. Those blunt traumas of everyday life, when nothing feels new and everyday is a rehash leaves indelible marks on us. The stairs we climb, the same buttons we press everytime we get on the elevator, the same bus we take to work…Later that day I was standing next to the river, with a

looming Trump tower in front. Chicago was lit up like fireflies in a dark dream. I wanted to feel nostalgic; I was leaving all of this behind for a new city. But I couldn't. A tiny voice in my head told me-'it's déjà vu…everytime, everywhere.' 'What, why?', I asked. The answer, my answer to myself, chilled me to my bones (or was it the Windy City's cold embrace?) –'BECAUSE IT IS STILL - YOU'.

That is what memories are really. Nothing special or spiritual or even that important. They are manifestations of who we are. In that sense Chicago has now become a tiny part of who I am (and who we are). Some of us have had our first intimate embrace in the bowels of this broken yet beautiful metropolis, some of us have tried to put ourselves together after a bitter breakup; some of us used wine, some poetry, some got a bit too drastic. It is 2018, but we have remained all too human. The relentless waves of Lake Michigan have kept telling us in their familiar cadence – 'Child, there is more, there is always more'. Some of us have battled emptiness while some have reveled in raucous company. Some of us have had their first illegal high, while some have been struck dumb by news of the passing of a close friend back home. Some of us have regularly felt that the world has failed them. But we have cried the same. Our pillows and bedsheets know stories that even our closest confidants will never know. The city streets knew the restlessness in our hearts, when we felt we could do so much more, and the sky knew to amass its grey clouds when we gulped some Nyquill and said sorry to our potential success. The sky also knew that we would give the world another shot the next day. Why do you think the sun shows up everyday? Does the city have memories too?

My grocery cart was full of stuff I was about to throw out. Shoes, pencils, fraying clothes, dirty bedsheets, mugs with broken handles…As I was about to empty the cart into the military green dumpster, I saw a woman walk past with an identical grocery cart stuffed with a motley collection of items. I could see a half-opened can of Campbell's soup peeping from underneath a pile of blankets. She waved at me with a satisfied smile in her face-I noticed her worm-eaten teeth for some reason. By the time she turned the corner, I was on my way up, feeling lighter, having transfered a large part of my years in Chicago to the city's 'Streets and Sanitation' department. My cart had held my discarded past, the woman's on the other hand, held her future.

Before I knew it I was rushing down the stairs once again to the dumpster. What if I left something behind?

Acknowledgements

Puja	Arkaprovo, Souvik, Deblijna, Rashmi
Finance	Dibbendu, Suman
Registration	Dibbendu, Suman, Debalina, Priyanka
Food	Sumit
Bhog	Aurobinda, Raktima, Parnali, Avik, Wrickban, Debajyoti, Navendu, Sumit, Debolina, Indrani
Decoration	Wrickban, Debarghya, Nandini, Tamal, Partha,Shuvra, Arthi, Debalina, Parnali, Priyanka
Cultural	Aurobinda, Moumita
T-shirt	Debajyoti
Light	Tamal, Mainack, Shuvra, Souvik
Sound	Somsubhra,Soumya, Debarghya
Logistics	Somsubhra, Aurobinda, Soumya, Debajyoti., Suman, Neelabja
Sponsorship Drive	Indrani, Raktima, Tamal, Nandini, Debajyoti, Soumya
Website	Somsubhra
Magazine	Saurja Tanima (cover)

SUNDARBANS
Fish Bazar

Meat & Grocery

Certified Zabiha Halal Meat

Frozen Fish, Halal Meat - Bangla Audio/Video
Bangladeshi Sweets
- Phone Cards & Much More

OPEN 7 DAYS 9 AM - 9 PM	6409 N. Bell, Chicago, IL 60645 **Tel: (773) 761-8780**	**Omar** **Faruq**

Delivery available !!

ভালোবাসা ফিরে আসা

- মৈনাক মণ্ডল

(১)

প্রচুর শীতের গন্ধ মাখা
একলা ঘুমের ভোর
শুন্য কথা জমাট বাঁধে
ইনবক্স-এ তোর ...

(২)

জ্বললো আগুন, মেঘলা দুপুর,
পুড়ল কাগজ, নষ্ট চিঠি;
রক্তচাঁদের রাত নেমে যায়,
অন্ধ আকাশ, ঝাপসা স্মৃতি।

(৩)

আগমনী গান ভুলে যায় মন,
এসে যায় মধুমাস।
এমন করেই গাইবে কি সে?
"পিয়া মিলন কি আস"|

(৪)

তার একটু ভালো, একটু খারাপ,
শরীরগত সামান্য পাপ,
সামান্য রাগ, একটু অভিমান।

তার অনেকটা কাজ, একটু আরাম,
বৃষ্টি মাথায় হঠাত ব্যারাম,
হঠাত মনে ফিরতে চাওয়ার টান।

(৫)

আজ মধুমাস, সুনিল আকাশ
সময়ের ডাক, খুব চেনা টান;
কত দিন পর, শেষ অবকাশ
মনে পরে যত, জমা অভিমান।

সময়ের ডাক, শুনতে কি পাস ?
এসেছে আবার, বিরহের ক্ষণ;
যেতে হবে চলে, বিনা শোরগোলে
মেলা হবে ডানা, উড়ে যাবে মন

শেষ তবে কথা, তোর পেলবতা
আঙুলের ছোঁয়া, ঠোঁট চাপা হাসি
একদিন ফিরে, আধোঘুম ভোরে,
বলবো আবার, তোকে ভালোবাসি।

(৬)

কথাকলির নগণ্য এক ভোরে,
পথ চলেছি হারিয়ে যেতে যেতে;
পথের হদিশ নাই বা হোলো জানা...
পথের মাঝে তোমার দেখা পেতে|

চোরকাঁটাকে মাড়িয়ে পায়ে ফেরা,
ফেরা বকুল ফুলের মাঝে ভোরে,
ফিরছি আবার তোমার চোখের টানে
কথাকলির নগণ্য এক ভোরে||

ফিরে দেখা/Looking Back - 2017

Memory courtesy: Somsubhra Ghosh

মায়াবী

- শ্রীবিবেক

"দ্যাখো, এবারে কিন্তু আমাদের একটা ফ্ল্যাট কিনতেই হবে। প্রিয়াঙ্কারা অলরেডি ডায়মন্ড সিটিতে ফ্ল্যাট কিনেছে ! বিদিশারা নিউটাউনে ! আমরাই কি শুধু বসে বসে আঙুল চুষব ? কলকাতায় গেলে নিজেদের ওঠার কোন জায়গা নেই । রিডিকুলাস !"

গত ছয়মাস ধরে প্রায় প্রতিদিন অজিতেশ বাগের কানের কাছে এই কথা বলে এসেছে তার স্ত্রী সুমনা। খড়গপুরের মেয়ে। বড় শখ কলকাতায় তাদের নিজেদের একটা ফ্ল্যাট হোক। সেখানে সে রাণীর মত আরামে থাকবে। রান্নার লোক, ঘর পরিষ্কারের লোক থাকবে। কেন যে মরতে বিদেশে পড়ে আছে কে জানে ! বছর দেড়েক হল অজিতেশের সঙ্গে তার বিয়ে হয়েছে। এখন অজিতেশের সঙ্গে আয়ারল্যান্ডের ডাবলিন শহরে বসবাস করলেও সেখানে তার একদম ভালো লাগে না। বাড়িতে কাজের লোক নেই , সব কাজ নিজেকে করতে হয়। বাপের বাড়িতে নিজের হাতে কোনো কাজ করতে হয়নি। অথচ এখানে কী দুরবস্থা। বাথরুমটা পর্যন্ত নিজেকে পরিষ্কার করতে হয় ! কী সুখে যে লোকে বিদেশে থাকে কে জানে ! সুতরাং কলকাতায় একটা ভালো ফ্ল্যাট তার চাইই চাই । ভবিষ্যতের একটা লগ্নি হিসেবেই নাহয় থাকল।

অতএব, কতকটা বৌয়ের তাড়নাতেই ফ্ল্যাটের সন্ধানে অজিতেশ বাগ এখন কলকাতায়। না এসে আর উপায় ছিল না। বৌয়ের মেজাজকে তার বড় ভয়। অবশ্য 'সন্ধানে' কথাটা ঠিক নয়, তার কারণ রাজারহাটে একটি ফ্ল্যাটের সন্ধান আগেই পাওয়া গিয়েছে। অপদার্থ, অলস অজিতেশের আশায় বসে না থেকে সুমনা নিজেই উদ্যোগী হয়ে তার মামাকে ফ্ল্যাটের কথা বলেছিল। অজিতেশের সেই মামাশ্বশুর ফ্ল্যাটটির সন্ধান দিয়েছেন। তাঁরই এক পরিচিত ব্যক্তি ফ্ল্যাটটি বেচবে। মামাবাবুর কথায় ফ্ল্যাটটি 'ওয়ান্ডারফুল'| ফ্ল্যাটের ভবিষ্যৎ মালিক হিসেবে অজিতেশের কাজ শুধু সই সাবুদ করে বিষয়টা পাকা করা। মাথার উপরে মামাশ্বশুর থাকবেন, অজিতেশ শুধু চেক লিখবে। আজকে সন্ধ্যায় মামাশ্বশুরের কসবার বাড়িতে বসে পাকা কথা হবে।

বিকেলে অন্য কোন কাজ না থাকায় সেই সময়ে অজিতেশ একটু লেকের ধারে হাওয়া খেতে এসেছে।

বিকেলের পড়ন্ত রোদে রবীন্দ্র সরোবরের ধারে বসে উদাস হয়ে জলের দিকে তাকিয়ে ছিল অজিতেশ বাগ। মনোরম হাওয়া দিচ্ছে| বেশ রোম্যান্টিক পরিবেশ। ঘাড় ঘুরিয়ে চারপাশটা একবার দেখে নিয়ে কতকটা অজান্তেই একটা দীর্ঘশ্বাস ফেলে সে। আশপাশে সবাই কত

সুখি। জোড়ায় জোড়ায় কচি কচি ছেলে মেয়েরা কেমন একে অপরের গায়ে ঢলে পড়ে কথা বলছে। কেউ কেউ আবার কথা বলতে পারছে না, কারণ তাদের মুখ অন্য কাজে ব্যস্ত। এ এক অপার শান্তির স্থান। লেকের ধারে বসে চারপাশের তরুণ-তরুণীদের দেখে অজিতেশের পক্ষে স্মৃতিমেদুর হয়ে পড়া আশ্চর্যের নয়। এখানেই বহুবছর আগে কত মনোরম বিকেল ও সন্ধ্যে সে আর মৌসুমী কাটিয়েছিল। মৌসুমী, তার প্রথম প্রেম। কতদিন তার ঠোঁটের উষ্ণতায় অজিতেশের মন ভরে গিয়েছিল। কিন্তু হায় ! সেসব সুখের দিন এখন শুধুই স্মৃতি। জীবনের খেলায় ভেসে একদিন মৌসুমীর বিয়ে হয়ে গেল, আর অজিতেশ মনের দুঃখে পি.এইচ.ডি করতে চলে গেল ক্যালিফোর্নিয়ায়। যদিও অনেকদিন কোনো যোগাযোগ নেই, তবুও প্রথম প্রেমকে কি আর ভোলা যায়। এখনো মাঝে মাঝে মৌসুমীর মুখ তার স্বপ্নে ভেসে আসে। অজিতেশ টের পেল, যে মৌসুমীর চিন্তা এখনো তার মনে শিহরণ জাগায়।
আচমকা ফোন বেজে ওঠায় অজিতেশের সব রোম্যান্টিক স্বপ্নের জাল ছিঁড়ে গেল। সামনে কঠোর বাস্তব। সেই আয়ারল্যান্ড থেকে বৌয়ের ফোন। বিরক্ত মুখে অজিতেশ ফোন ধরতেই ওপাশ থেকে সুমনার গলা ভেসে এল, " আজকে সময়মত মামার ওখানে যাবে কিন্তু। একদম দেরি করবে না !" ফোন রেখে অজিতেশ বাগের নিজের প্রতি এক ধরণের বিতৃষ্ণা জন্মাল। তার নিজের যেন কোন বক্তব্যই নেই। সে যেন এক কলুর বলদ। সংসারের ঘানি টানাই যেন তার একমাত্র কাজ ! দীর্ঘশ্বাস ফেলে অজিতেশ উঠে পড়ে একটি 'উবের' ডাকার ব্যবস্থা করে।

মামাশ্বশুরের সঙ্গে বৈঠকের পরে ফ্ল্যাটের কথাবার্তা প্রায় পাকা হয়ে গেল। মাত্র পঞ্চান্ন লক্ষ টাকায় রফা হয়েছে। রাজারহাটে নাকি এখন ফ্ল্যাটের অনেক বেশি দাম হওয়ার কথা , কিন্তু স্রেফ মামাবাবুর কথাতেই নাকি তাঁর বন্ধু 'এত কমদামে' রাজি হয়েছেন। মামাশ্বশুরের এই বাড়তি আস্ফালনটা স্বাভাবিকভাবেই বাগের পছন্দ হয়নি। এমনকি সে মামাবাবুর এত আগ্রহের পিছনে তাঁর কোনো আর্থিক লাভের সম্ভাবনাও উড়িয়ে দিল না। খুশি হওয়ার বদলে ফ্ল্যাটের দামটা মনে মনে ইউরোতে গুনে দেখে তার শরীরটা কেমন যেন খারাপ লাগতে শুরু করল। কিন্তু একজন নিপাট ভদ্র বঙ্গসন্তানের মত বৌয়ের কথা মনে করে তাকে সবকিছু হাসিমুখে মেনে নিতে হল। ঠিক হল দু-একদিনের মধ্যেই রাজারহাটে গিয়ে অজিতেশ বাগ একবার নিজের চোখে ফ্ল্যাটটা দেখে আসবে । এমনিতে সেই ফ্ল্যাটে এখন কেউ থাকে না। সে তার পরিচয় দিলে তার হাতে চাবিটা দেওয়ার জন্য দারোয়ানের কাছে নির্দেশ দেওয়া থাকবে।

পরেরদিন সকাল সকাল অজিতেশ রাজারহাটের দিকে রওনা দিল। হঠাৎই তার নিজেকে কেমন একদিনের সুলতান মনে হচ্ছিল।

বলতে গেলে আজকে রাজারহাটের ফ্ল্যাটটা তারই দখলে। এদিকে খবর অনুযায়ী ফ্ল্যাটটা যাকে বলে fully furnished। রীতিমত হোটেল বলা যেতে পারে। তাই তার পরিকল্পনা আজকে ওই ফ্ল্যাটেই সারাদিন ধরে এসি চালিয়ে হাত পা ছড়িয়ে আরাম করা। সেই কারণে ব্যাগে একটি গ্লেনফিডিচ সিঙ্গেল মল্ট হুইস্কির বোতল নিয়ে নিয়েছে। এটি তার বড় প্রিয় মদ। সেই সঙ্গে কোন রেস্টুরেন্ট থেকে ঝাল ঝাল মাংস আনিয়ে নেবে । ওহ ! কি আনন্দ আজ । বিয়ের পর থেকে এরকম মুক্ত me time তার জীবনে বড় একটা আসেনি ।

রাজারহাটে পৌঁছে অজিতেশ সবে চাবি দিয়ে ফ্ল্যাটের দরজা খুলতে যাবে, এমন সময়ে করিডরের অন্যপ্রান্তে একটি ফ্ল্যাটের দরজা খুলে গেল। আওয়াজ পেয়ে অজিতেশ মুখ তুলে তাকাতেই বিস্ময়ে হতবাক হয়ে গেল । তার থেকে একটু দূরে দাঁড়িয়ে রয়েছে মৌসুমী, তার জীবনের প্রথম প্রেম ! মৌসুমীও হঠাৎ অজিতেশকে দেখে অবাক চোখে তাকিয়ে রইল। বিস্ময়ের রেশটা কাটতেই অজিতেশ বলে উঠল, " আরে তুই এখানে ?"

- "হ্যাঁ আমি তো এখানেই থাকি এখন, তুই এখানে ?"

-"আমি তো এখানে ফ্ল্যাট কিনবো ভাবছি "

-"Wow ! দারুণ ব্যাপার ! আয় আমার ফ্ল্যাটে, কফি খাবি ?"

-" কিন্তু তুই কোথাও বেরোচ্ছিলি ?"

-" ওই একটু গ্রোসারি করব ভাবছিলাম, কিন্তু সে পরে হবে, আয় কফি খাই "

অনেকদিন পরে মৌসুমীকে কাছে পেয়ে, আর তার হাতের কফি খেয়ে অজিতেশ একটা স্বর্গীয় সুখ অনুভব করল। মৌসুমী যেন এই ক বছরে আরো স্মার্ট আর আকর্ষণীয় হয়ে উঠেছে। ফিগারটাও ভালো হয়েছে। জিমে টিমে যায় বোধহয়। কফি খেতে খেতে মৌসুমী অজিতেশের সবথেকে প্রিয় জায়গায় ঘা দিল। অদ্ভুত কায়দায় চুলে আঙুল চালিয়ে নরম গলায় সে জিজ্ঞেস করল, " হ্যাঁ রে, এখনো কবিতা লিখিস? "

এই কথায় অজিতেশ কেমন স্মৃতিকাতর হয়ে পড়ল। সত্যিই কলেজ ইউনিভার্সিটিতে থাকার সময়ে তার কবিতার কত সুখ্যাতি ছিল। তাদের একটা লিট্‌ল ম্যাগাজিনও ছিল। কোথায় গেল সেই সব দিন। এখন যাদের সঙ্গে সে মেশে সেখানে সাহিত্যের কোন জায়গা নেই। সেখানে শুধু বাড়ি, গাড়ি, শেয়ার বাজারের কথা হয়। তার বৌ সুমনাও কবিতা লেখাকে 'যত আঁতেলদের কারবার' বলে মনে করে। নাহ , কবিতা তাকে সত্যিই ছুটি দিয়েছে। কিন্তু পুরো সত্যি কথা বলা কখনোই অজিতেশের ধাতে নেই। তাই সে একটু রেখে ঢেকেই বলল ," ওই মাঝে মাঝে টুকটাক "

- " হ্যাঁ, অভ্যেসটা ছাড়িস না । কি দারুণ লেখার হাত ছিল তোর "

-"তুই এখনো গান করিস ?"
-" ওই মাঝেমাঝে টুকটাক "
-" কি দারুণ গলা ছিল তোর "
-" মাঝখানে একদম সময় পেতাম না, কিন্তু এখন আবার সময় হচ্ছে "
-" কি নিয়ে ব্যস্ত ছিলি ?"
-"সংসার নিয়ে"
- " এখন তাহলে সময় হল কী করে? "
-" কারণ সংসারটা আর নেই। আমাদের ডিভোর্স হয়ে গেছে। এখন আমাকে আর কারো খিদমত খাটতে হয় না। নিজের জন্য ফুল টাইম "
-" তোর চলে কী করে? চাকরি করতে হলেও তো টাইম পাওয়া যায়না "
-" চাকরি তো করি না। ব্যবসা করি। আমার এখন দুখানা ক্যাফে আছে। একটা সল্টলেকে, একটা গড়িয়াহাটে। প্রথমদিকে আমাকে ব্যস্ত থাকতে হত ওগুলো নিয়ে। কিন্তু এখন ভালোই দাঁড়িয়ে গেছে। তাই লোক রেখে চালাই। তাছাড়া ফ্রিল্যান্স হিসেবে লেখালেখি করেও কিছু রোজগার হয়। সব মিলিয়ে দিব্যি চলে যাচ্ছে।"
বিস্ময়ে অভিভূত হয়ে অজিতেশ বাগ তার প্রথম প্রেমকে দেখতে থাকে। আগে ছিল সাধারণ একটি মেয়ে। কিন্তু এখন সে তার চোখে অসাধারণ হয়ে দেখা দিল। মৌসুমী একটু থেমে আবার বলতে থাকে, " আগে সমাজ, আত্মীয়, বাবা-মা সবাইকে খুব গুরুত্ব দিতাম। কে কী ভাববে, কে কী বলবে তাই নিয়ে চিন্তা করতাম। তারপর বুঝতে পারলাম যে জীবনটা আমার। অন্যদের কথায় গুরুত্ব দিতে গিয়ে নিজেকেই শেষ করে ফেলছিলাম। অমিতের সঙ্গে আমার কোন মিল নেই। তাও বাড়ি থেকে জোর করে বিয়ে দেওয়ালো। বলল বাবার হার্টের অসুখ, বেশিদিন বাঁচবে না, তাই বিয়ে করে নে "
-"তারপর ?"
-"তারপর আর কি ? আমাদের কোন মিল নেই। আমাকে চাকরি করতে দেবে না, সব সময় অর্ডার দেবে, এটা ওটা রেঁধে খাওয়াতে হবে "
শুনতে শুনতে অজিতেশ বাগ একটা অদ্ভুত আত্মপ্রসাদ অনুভব করে। একটা প্রশান্তির হাসি ছড়িয়ে পড়ে তার মুখে । বাগের হাসি দেখে মৌসুমী জ্বলে ওঠে, "খুব মজা লাগছে না ?"
- "ওহ ! দারুণ মজা ! এরকম মজা কতদিন পাইনি। হ্যাঁ রে, তুই আমাকে এটা ওটা রেঁধে খাওয়াবি ?"
বাগের ফাজলামিতে মৌসুমী রাগতে গিয়েও হেসে ফেলে বলে "বল কী খেতে চাস ? "
তারপর বেশ কিছুক্ষণ ধরেই অজিতেশ বাগের মনে যে ইচ্ছেটা গুড়গুড়িয়ে উঠছিল তা বাস্তবায়িত হল ।বাগ সোজা উঠে গিয়ে সামনের

সোফায় বসা মৌসুমীর উপর চড়াও হয়ে তার ঠোঁটে ঠোঁট রাখল। মৌসুমীও কোনো আপত্তি না করে বাগকে টেনে নিল। বেশ কিছুক্ষণ কেটে যাওয়ার পর বাগ বলল "আজকের দিনটা তোর সঙ্গেই কাটাব। সঙ্গে গ্লেনফিডিচ "

- "বেডরুমে চল তবে । দুটো গ্লাস নিয়ে নি । বরফ, কাজু বাদাম সব আছে "

এখন রাত নটা। একটা ফুরফুরে মেজাজে অজিতেশ বাগ উবেরের পিছনের সিটে গা এলিয়ে বসেছে। পুরোনো চাল ভাতে বাড়ে। পুরোনো প্রেমও যে খাটে এত বেড়ে উঠবে তা সে ভাবতে পারেনি । গ্লেনফিডিচ সে আগেও অনেক খেয়েছে, কিন্তু আজকের মত স্বাদ কখনো পায়নি। তারপর মৌসুমীর বুকে মাথা রেখে তার গলায় যখন শুনল " দুজনে দেখা হল " তখন তার মনে হয়েছিল যে আজকের জন্যই বুঝি রবীন্দ্রনাথ গান লিখেছিলেন। ফুরফুরে মেজাজের সঙ্গে সে মনে একটা আত্মবিশ্বাসও অনুভব করছে । মৌসুমীকে সে ফিরে পেয়েছে । এখন সে বৌ, শ্বশুর, মামাশ্বশুর কাউকে পরোয়া করে না। তবে সে হল অজিতেশ বাগ। বাহুবলের থেকে বুদ্ধিবলকেই সে বরাবর প্রাধান্য দিয়ে এসেছে। সামনাসামনি লড়াই করার থেকে সে কৌশলে কাজ হাসিল করায় বিশ্বাসী। তাই যখন তার বৌ ফ্ল্যাটের খবর নিতে ফোন করল তখন সে সত্যি কথাটা বলেই দিল। বৌয়ের ফোন আসতে অজিতেশ বলে উঠল , " হ্যালো, ফ্ল্যাটটা দেখে এলাম । সত্যি দারুণ ফ্ল্যাট। খুব আলো বাতাস খেলে, দারুণ লোকেশন !"

- " তাই ! বলেছিলাম না ! মামা কখনো খারাপ ফ্ল্যাট দেবে না। ভাগ্যিস মামার সঙ্গে কথা বলেছিলাম "

-" ঠিকই , তোমরা না থাকলে এমন ফ্ল্যাট পেতামই না "

-"আমরা যা বলি ভালোই বলি, এবার থেকে আমার কথামতই সব কাজ করবে "

-" হ্যাঁ , যা বলেছ। ও ! একটা কথা তো বলাই হয়নি "

-" কি কথা ?"

-" আমাদের এক নেইবার হল আমার স্কুলের বান্ধবী মৌসুমী । দেখা হয়ে গেল, কফি খাওয়াল "

-"মানে ?"

-"আরে, মানে আবার কি? মৌসুমী আমাদের স্কুলে পড়ত। এখন দেখছি সামনের ফ্ল্যাটেই থাকে। কতদিন পরে দেখা হল "

-"ওহ ! তাই এত ভালো লেগেছে?"

ওপারে গলার স্বরটা বদলে যেতেই বাগ বুঝল ওষুধ ধরেছে। সে আরো নিরীহভাবে বলল ,"মামা বলছিল কিছু টাকা অ্যাডভান্স লাগবে। কাল পরশুর মধ্যে দিলেই হবে "
এরপর যান্ত্রিক ত্রুটির কারণে ফোনটা কেটে গেল। বেশ কিছুক্ষণ পরে অজিতেশ হোয়াটস্যাপে বৌ -এর মেসেজ পেল, "মামার কোন সেন্স নেই ! তুমি একটা পোস্টডক, এখন এত টাকা কোথায় পাবে? তাছাড়া রাজারহাট অনেকদূর। পরে গড়িয়ার দিকে একটা ফ্ল্যাট কিনলেই হবে"
একটা স্বস্তির নিঃশ্বাস ফেলে হেসে ওঠে অজিতেশ বাগ। যাক, একটা বড় টাকার ধাক্কা আপাতত ঘাড় থেকে নামলো। মামাশ্বশুরকেও আর পাত্তা দেওয়ার দরকার নেই। ওদিকটা তার বৌ বুঝে নেবে। সে আপাতত ডার্ক নাইটের মত কখনো ব্রুস ওয়েন, কখনো ব্যাটম্যান হয়ে থাকবে। সবই মায়া !
এখনো কদিন ছুটি আছে। আগামীকাল নাহয় মৌসুমীকে নিয়ে রায়চকের দিকে যাওয়া যাবে।

(এই কাহিনীর চরিত্র ও ঘটনা সবই কাল্পনিক)

Terribly tiny thoughts

- Souvick Chatterjee

2008, Kolkata: I ***was*** watching Durga Pujo in USA in ABP Ananda.
2018, Kolkata: I ***am*** watching Durga Pujo in USA in ABP Ananda.
Somehow in those 10 years, প্রবাসে দুর্গাপুজো became বাড়ির পুজো, Thanks to BIC.

2018, *Hebbal Durga Pujo*, Bangalore: Random person shouting on microphone "সুমিতদা কে ডাক, খাবার দেওয়া এবার শুরু করতেই হবে".
Me (random passer-by to witness Bangalore puja): Seriously! some names know no geographic boundaries.

পুরোহিত: "অষ্টমী পড়ে গেছে, এইটা এখন করলে অসুবিধা নেই"
পুজো কমিটির কত্বা (তপনদা): "কি যে বলছেন? দেখান তো কোন পাঁজিতে বলেছে অষ্টমী পড়ে গেছে"
তপনদার ফোন বেজে ওঠে, শিকাগো থেকে মেয়ের গলা: "বাবা, আজ আমাদের ষষ্ঠী-অষ্টমী হলো, কাল নবমী-দশমী."
পুরোহিতকে তপনদা: "ঠিক আছে আপনার যা ভালো মনে হয় করে দিন"

রূপকথা

- সত্র্যাজিৎ মিত্র

এক নিঃশব্দ রাত্রে তোমাকে প্রথম দেখি
তোমাদের একতলা বাড়ীর ছাতে।
তুমি দাঁড়িয়ে ছিলে,
শ্যাওলা লাগা পাঁচিলে হেলান দিয়ে,অসাবধানে।
তারার আলোয় তোমার সাথে আলাপ করতে চাইলাম
তাই মনগড়া এক গল্প নিয়ে তোমার কাছে গেলাম...

আমার পায়ের শব্দে ঘুম ভাঙ্গলো তোমার,
আমার ছদ্মবেশ দেখে তুমি বললে,"রাজপুত্র...
প্রজাপতি ধরার দিন আমার ফুরিয়ে গেছে।
আমার জন্য বানানো তোমার নীল ঘরে
আজ আমি অত্যন্ত বেমানান."

তোমার চোখের ভাষা পড়তে পারিনি সেদিন,
অবুঝের মতো পালিয়েছিলাম...অথবা ভয়ে।
সবুজ শ্যাওলার রঙ ফিকে হয়, সন্তর্পনে
ছদ্মবেশের আড়ালে আমার স্বত্তা মিলিয়ে যেতে থাকে।

তারপর একদিন,
সোনালী আলোয় মাথাচাড়া দিয়ে ওঠে যৌনতা
শুভ্রতায় সৃষ্টি হয় সম্ভাবনা
এক নপুংসকের গর্ভে জন্ম নেয় প্রেম
জীবন দিশা পায় পিতৃত্বের অঙ্গীকারে।।

Home

- Debolina Basu

Home is when you walk in after a fruitful day
You shout out to Adi to remove your shoes,
take off your socks and jacket as soon
as you are back from work and his day-care.
then home becomes that cozy corner
where you sit on the same sofa everyday
with a cup of tea and *muri-chanachur*
and cast YouTube on TV.

You stare out at the big, old tree
and the pond and with that big sign
and endless possibilities…
You open the patio door where Adi
runs outside with his football.
You rest your back.
Watching him play and enjoy
in his own little world makes you happy.

You turn around and pick up his toys
and set the living room in order,
Home is where you rush to the kitchen
at the end of the day to make dinner.
Home is where you Whats app video call
your parents who live far, far away.
Where you relish your ice cream on a Friday
with 'coke studio' on TV
and sleep in on a Saturday.
Home is that time when you pick up that book
and get immersed in another world,
reshaping perspectives through literature.
Where Adi creates his world of make-belief
and you can be lost in yours…

Home is where you are at peace.
Home is where you feel complete.

E. N. Adi is the poet's three-year old son


DINE IN • TAKE OUT • CATERING •
Introducing newest Indian restaurant in your neighborhood
Siri
INDIAN
Restaurant
Grand Opening on OCT 16
1520 W. Taylor St
Chicago IL 60607
312-766-SIRI (7474
www.sirichicago.com

গজল-ই-নওশাদ

- যযাতি

বিয়ে বাড়িতে ঘুরতে ফিরতেই মেয়েটার দিকে চোখ যাচ্ছে। নামটা জেনে নিয়েছে। রিম্পি। বাচ্ছা মেয়ে..কতো আর বয়স হবে? বড়জোর ষোলো? ইলেভেন কি টুএলভে-এ পড়ে বলে মনে হচ্ছে। কিন্তু কি আশ্চর্য? বার বার ওর দিকেই চোখ যাচ্ছে..দূর্গা প্রতিমার মত বড় বড় চোখ। চোখের মনি হাল্কা বাদামি কি? হয়তো..দিব্যি ছিপছিপে সুন্দর। চন্‌মনে। ওই বয়সের মেয়েরা যেমন হয় আর কি। ঘুরছে ফিরছে। এর সাথে ওর সাথে কথা বলছে আর মাঝে মাঝে খোলা চুল কানের পেছনে সরাচ্ছে। দেখতে ভারি ভাল লাগছে। চুল সরানোর সময় একটা অদ্‌ভুত সুষমা ফুটে উঠছে ওর শরীরী ভাষায়। গোলাপি সরু আঙ্গুল গুলো একরাশ বাদামি চুলে একটা মিঠে সুর তুলছে যেন দূরে কোথাও আড়বাঁশি বাজছে। হলুদ চুড়িদার পরিহিত এই নবীন কিশোরীটির দিকে অনিচ্ছা সত্ত্বেও বার বার চোখ চলে যাচ্ছিল কনিষ্কর। আর চোখাচোখি হলেই যে অনুভূতিটা কনিষ্কর হচ্ছে ভাষায় তাকে সঠিক ভাবে ধরতে পারা বোধ হয় অসম্ভব। প্রথম কৈশোরের মুগ্ধতার মত একটা অননুভূত অনুভুতির সাথে যদি মিষ্টি নস্টালজিয়ার বেদনা আর তীব্র অপরাধ বোধ মেলানো যায় তবে বোধ হয় প্রকৃত অনুভূতিটার কাছাকাছি একটা কিছু হবে। কিন্তু যেটা ভাষার অতীত সেটা হল মনের মধ্যে এই সব কটা অনুভুতির যে আপেক্ষিক অনুপাত সেটা প্রতি মুহূর্তেই যেন বদলে যাচ্ছে। কখনো অপরাধবোধ-এর পাল্লা ভারি হচ্ছে তো কখন মুগ্ধতা। কোনো মেয়ের প্রতি কোনো ছেলের কেন মুগ্ধতা তৈরী হয় তা বোধ করি সৃষ্টি কর্তাও যথাযথ জানেন না। অপরাধ বোধের কারণটা অবশ্য খুব স্পষ্ট। কনিষ্কর এখন বয়স ছত্তিরিশ। বিয়ের বারো বছর অতিক্রান্ত হয়ে স্ত্রী আর তিন বছরের কন্যা সন্তানকে নিয়ে তার সাজানো সংসার। বৌ-এর সাথে নিত্যদিন বিভিন্ন তুচ্ছ কারণে দাম্পত্য কলহ হয় ঠিক-ই কিন্তু কোনো মাত্রাছাড়া বদগুণ দুজনের কারুরই নেই। সোজা কথায় অন্য মেয়ের প্রতি আকৃষ্ট হওয়ার কোনো কারণ নেই। আর তার থেকেও বড় ব্যাপার নিজের থেকে বছর কুড়ি ছোট একটা মেয়ের প্রতি মুগ্ধতা শুধু সামাজিক ভাবে নয়, কনিষ্কর নিজের বিবেকের কাছেও একেবারেই গ্রহনযোগ্য নয়। তবে এটাই কি জীবনের অপরাহ্ণ সঙ্কট, মিডলাইফ ক্রাইসিস? হয়তো বা। কিন্তু পরক্ষণেই মনে হচ্ছে তা নয় বুঝি। চোখ চুরিয়ে এই কিশোরীর দিকে, শুধু এই কিশোরীটির দিকে চাওয়াতে কোনো অপরাধ নেই। এই মেয়েটির সাথেই, এই মেয়েটির সাথেই তো তার বিয়ে হওয়ার কথা ছিল। তবে সে আমার থেকে এত ছোট কেন? আজকের এই মুহূর্তটার সাক্ষী সে

যেন আগেও থেকেছে। এক অদ্ভুত ডে জা ভু, অদ্ভুত নস্টালজিয়া। এই মেয়েটির কথা ভেবেই তো গোধূলির রাঙা রোদে ঘরের জানলা দিয়ে দূরের পানে চেয়ে টেপ রেকর্ডার-এ গজল-ই-নওশাদ শোনার কথা ছিল।

"ঘটা ছায়ি থি শাওন খুলকে বরষা..মাগার প্যাসা..কোই আব তক হ্যায় প্যাসা"...

হারিয়ে যায় কনিষ্ক আবছায়া এক বিস্মৃত অতীতে। আবার ফিরে আসে বর্তমানে। সামনে দাড়িয়ে সেই কথার ফুলঝুরি চুলখোলা কিশোরী।

"তুমি কি দার্শনিক-টার্শনিক নাকি গো? নাকি কবি-টবি? তখন থেকে ছাদে দাঁড়িয়ে সূর্য অস্ত যাওয়া দেখছ?" মুখে দুষ্টুমি হাসি মেয়েটির।

কনিষ্ক লজ্জা পায়। লজ্জায় মুখে রক্ত জমে ওঠে যেন তার অতি নিভৃত চিন্তাগুলো দরজা-কবাট খুলে হুরহুরিয়ে বেরিয়ে পড়েছে আর কিশোরীটি সেই না-লেখা-চিঠিগুলো এক এক করে পড়ে নিচ্ছে। অথচ মেয়েটি একেবারে স্বতস্ফূর্ত। এতটুকু লজ্জা নেই। যেন কতদিন ধরেই কনিষ্ককে চেনে।

"বিকেলের লুচি তরকারি ঐদিকে শেষ হল বলে..চলো চলো" বলেই হাত ধরে ঝটকা টান লাগায়। বিদ্যুত তরঙ্গের মত স্পর্শসুখ খেলে যায় কনিষ্কর মনে। ফুলের পাপড়ির মত নরম হাতখানা ওর - ভাবে কনিষ্ক। সাথে সাথেই একটা তীব্র অপরাধ বোধে মনটা বিষিয়ে ওঠে। ছি ছি। ছত্রিশ বছরের কনিষ্ক, তিন বছরের মেয়ের বাবা কনিষ্ক ষোলো বছরের এই কিশোরীকে শুধু যে মনে নয়, শরীরেও পেতে চায় এই উপলব্ধিটা হঠাৎই যেন চাবুকের মত আছড়ে পড়ে তার ওপর। দু এক দিন আগে এক বন্ধুর বাড়িতে এসেছে কনিষ্ক বন্ধুর দাদার বিয়ে উপলক্ষে। গতকাল বিকেল নাগাদ এই মেয়েটা আসার আগে পর্যন্ত অনুষ্ঠান বাড়িতেই খাওয়া-দাওয়া কাজকর্ম করে সময় কাটছিল ভালই। আর মেয়েটা আসার পর থেকেই এই তীব্র নৈতিক সঙ্কট।

আমার স্ত্রীকে তো দেখছি না। কোথায় গেল? আচ্ছা কোন বন্ধুর বাড়িতে এসেছি আমি? দূর ছাই, মনেই পড়ছে না।

কেন এত চেনা লাগে একে? কেন এত কাছে পেতে ইচ্ছে হয়? ও যদি জানতে পারে আমার এই ঘৃণ্য দুর্বলতার কথা? কিন্তু মন? মন উঠোন?

বিধাতার নিষ্ঠুর রসিকতায় সেখানে তো কোনোদিনও বেড়া দেওয়া যায় না। কিছুদিন আগে একে চিনলে কি একেই বিয়ে করতাম? কিছুদিন? না কিছু বছর? বারো বছর? সে তো অনেক সময়? তাই হয় নাকি?

এই যে ষোলো বছরের উদ্ভিন্ন যৌবনা কিশোরী যার ডাকনাম রিম্পি রিম্পি যে চুড়িদার পরেছে হলুদ হলুদ হলুদ ডালিয়া ফুলের রঙ ডালিয়া ডালিয়া ডালিম ওর বুকে আছে ওর বুকে ছি না বুকের কথা ভাববো না বুক বুকে বুঝি ওর ছাতিমের গন্ধ ছাতিম ছাতিম ছাতিম ফুলের গন্ধে নাকি সাপ আসে সাপ সর্প সর্বনাশা সাপের শরীর পিছল মসৃন ওর শরীরের মত কি না শরীর ভাববো না চোখ ভাবি চোখ সাপের চোখে মৃত্যু শীতলতা সাপের চোখে বরফ চাউনি বরফ লীনতাপ বরফ গলছে জল জল মানে জীবন জীবনদা জীবনদা তো অঙ্কের স্যার ছিল জীবন জীবনানন্দ মুখোমুখি বসিবার বনলতা সেন চুল তার কবেকার অন্ধকার বিদিশার দিশা মুখ তার বিদিশা মানে পিঠ ছড়ানো চুল বিদিশার চুল মানে সুগন্ধ আল্গা খোঁপা চুল মানে রাত্রিজল রাত্রি মানে বিদিশার ছবি বালিশের নিচে বিদিশা মানে লুকিয়ে লেখা চিঠি বিদিশা মানে পিসির বাড়ির ছাদে অস্থির আঙুল বিদিশা মানে চোখ নামানো পদ্মপাতা এমন দিনে তারে বলা যায় এমন ঘন ঘোর বরিষায় বলে দিলে কেমন হয় এই কিশোরী মেয়েটাকে তোকে আমি খুব ভালবাসি তোকে খুব ভাল লাগছে কাল তো চলে যাবে আমি তো আর বলার সুযোগ পাব না তখন গজল নওশাদ কভি মেরে ইয়াদ উনকো আতি তো হোগি আকেলেমে উনকো রুলাতি তো হোগি বলেই দিই ও তো আমারই ওকে তো আমারই হতে হবে দোষ তো কিছু নেই

রিম্পি তোকে আমার খুব..

হঠাৎ করে ঘুম ভেঙে গেল। লজ্জায় কান ঝাঁ ঝাঁ করছে। একটা বিচ্ছিরি দোষিমন্যতা। এসব কি দেখলাম? Midlife Crisis? প্রৌঢ়ত্বের প্রাক্কালে যৌন হতাশা? কে মেয়েটা? রিম্পি..রিম্পি..ঘুমটা ভাঙছে একটু একটু করে কনিষ্কর। তার প্রথম প্রেম। একটাই প্রেম করেছে কনিষ্ক। আর দীর্ঘ সাত বছর প্রেম করার পরে তাকেই বিয়ে..ঐ তো শুয়ে আছে রিম্পি। ভাল নাম বিদিশা। কিছু বিপথগামী চুল এখন ঘুমন্ত বিদিশার মুখের ওপর পরে। আর এক টুকরো গুঁড়ো চাঁদ জানালা পথে এসে ওর বন্ধ চোখের পাতায় খেলা করছে। একটু পৃথুলা হয়েছে বটে, একটু স্বাধীনচেতা, কর্তৃত্বপ্রিয়। কিন্তু বারো বছর ধরে দুঃখে সুখে পথ চলার সাথী তো! প্রেম আর বিয়ে নিয়ে কনিষ্কর সাথে বিদিশা ওরফে রিম্পির কুড়ি বছরের

বন্ধুত্ব। সেই অপরাজিতার দাদার বিয়েতে আলাপ হয়েছিল। অপরাজিতার মাসতুতো বোন। কনিষ্ক তখন থার্ড ইয়ার। বিদিশা ক্লাস টুএলেভ। বিয়েবাড়ি থেকে ফিরে প্রথম প্রেমে পড়া কনিষ্ক নওশাদের গজল শুনত দিনভর। সেই থেকে প্রেম আর বিয়ে আর এতদিন ঘরকন্না। ঘুমন্ত বিদিশার কপালে একটা আলতো চুমু খেয়ে তাকে জড়িয়ে শুয়ে আবার ঘুমিয়ে পড়লো কনিষ্ক। মুখে লেগে থাকল ভাললাগার এক চিলতে হাসি। নিজেরই বৌ যদি সেই প্রথম আলাপের কচি বয়স নিয়ে স্বপ্নে আসে সে স্বপ্নদোষ বুঝি ততটা দোষের নয়...

দুরে কোথাও বেতারে বাজছে

স্বপন যদি মধুর এমন হোক সে মিছে কল্পনা। জাগিয়ো না আমায় জাগিয়ো না।



The Wait

- Avik Roy Chowdhury

When breathing became a mountain
The ocean blew life.
A precocious wave,
Hiding tornados of melancholia,
Comes crashing on me.
From the shells of anonymity
There arises a heart wrenching mourn-
How far have you travelled?
How much more is left,
Till you find peace?

As a stifling darkness sighs
And releases the burden of the day onto the sea,
The last traces of the sun
Leave behind the black of your eyes,
Across the stoic canvas of the horizon.
The waves kiss my feet.
Drag me away to a mythical continent-
Where the intoxication of mirth numbs agonies of the past,
The kaleidoscope of new memories
Fade the old ones off their *black, blue and red.*

Shipwrecks lead to fairy tales there,
Magic pills immune you from attachments-
Love stories -fleeting and easy,
Pleasures pouring out of shot glasses,
With possibilities plated like sushis.

Yet I sit here, right now, by the sea,
Transported to that one still afternoon of forbidden love,
Isolated, insulated from the revelries overflowing the bars,
While the carousel of the world
Rises and falls and waltzes to its own tune around me.

As I succumb to the watch of the watchful eye,
Promises of a new life lose meaning.
Instead, I make a new resolve-
Waiting for love to come, by the shores of the Michigan,
Transcending time and mortality; forever.

ছাগলের তৃতীয় সন্তান

- দেবজ্যোতি সাহা

বাজার অগ্নিমূল্য, যে টাকায় আগে বাজারের ব্যাগ ভর্তি হয়ে যেত, সেই টাকায় এখন এক চতুর্থাংশ ও ভরে না !
Phone Pay'র দৌলতে অনেকে এখনও পেট্রোল কিনছে, অফার শেষ হয়ে গেলে কি করবে কে জানে !
বহু সরকারি কর্মচারীকে দেখলাম শেষ কয়েকদিনে POWER ছেড়ে PLAIN পেট্রোল ভরতে শুরু করেছে !
কেন্দ্রীয় সরকার তার মূর্খতার পরিচয় বহু আগেই দিয়েছে এবং তা সর্বজন বিদিত !
কিন্তু এই রাজ্যের ব্যাপারটা মনেহয় কিছু একটু আলাদা !
যে কর্মচারীরা সারাদিন খেটে সরকার টা কে সচল রাখছে, শিক্ষাব্যবস্থা চালাচ্ছে, হাসপাতালে রোগী দেখছে, আমাদেরকে নিরাপত্তা দিচ্ছে, তারাই দুর্গা পুজোর আগে পাড়ার ক্লাব গুলোকে চাঁদা দেয়, অঙ্কটা একেবারে কম হয় না !

কিন্তু তাও এই রাজ্যে সরকারি কর্মচারীদের জীবনের কষ্ট গুলোর সুরাহা করার থেকে ক্লাব এর দুর্গা পুজো বেশি প্রাধান্য পায়, যেখানে পৃষ্ঠপোষকতা করার জন্য বহু প্রতিষ্ঠিত ব্যবসায়ী এবং রাষ্ট্র(রাজ্য)নেতারা রয়েছেন, অভাব কোনোদিন দৃষ্টিগোচর হয়নি !
ভাবলে অবাক লাগে, যে এই সরকারি চাকরিজীবী শ্রেণীটা কি সারাজীবন এরকম "ছাগলের তৃতীয় সন্তান" হয়েই থাকবে?
সরকারের খরচ বাড়লে তা কমানোর দায় এদের, সরকারের প্রতিটি আদেশ, নির্দেশ, পরিকল্পনা বাস্তবায়িত এরাই করে, তবুও এরাই বঞ্চিত !
এই জিনিসটার বোধহয় এবার পরিবর্তনের প্রয়োজন....
কিন্তু হচ্ছে কি সেটা??

যেখানে দেশ বা রাজ্য চালানোর জন্য নিদেন পক্ষে একজন ভালো শাষক দরকার, সেখানে আমরা বেছে নিচ্ছি একজন salesman কে। না না, ভুল ভাববেন না, একদিক থেকে আমরা সবাই salesman। না হলে CV বা linked in নিয়ে এত বেশি মাথা ঘামাতাম না। কিন্তু তাই বলে তো interview তে যা খুশি তাইও বলি না আমরা। কেউ ভোটবক্তিতায় বয়ে গিয়ে communist ভাবধারা বলতে শুরু করে, কিন্তু ক্ষমতায় এসে capitalistic কাজ করে। আবার কেউ কেউ তো জানেই না, কী বলছে আর কী করছে!

কিন্তু এরাই আবার ভোট পায়, এরাই দেশ চালায়। সমালোচোনা করলে জেলেও পুরে দেয়। এরাই তো শাষক...এদের সমালোচোনা...এত বড় আস্পর্ধা??
আবার ইতিহাস এলে এরাই কাটাছেড়া করে মুসোলিনিকে, হিটলারের নাৎজি পার্টিকে।
এইটুকু লেখাতেই sales man থেকে শুরু করে হিটলারও টেনে আনলাম। লেখাটা যদি 'উনি' অবদি পৌছায়, তাহলে আমার কী হবে কে জানে। তাও না লিখে পারলাম না। Masters জীবনে টাকা-ডলারের দাম দেখেও যেমন কষ্ট লাগে, তেমনই বাজে লাগে civil engineer হয়ে একের পর এক ব্রিজ ভেঙে পরতে দেখে! নাহ্....ব্রিজ মেরামত করে কী হবে? আমরা বাঙ্গালী, আমরা পুজোটাই না হয় করি!!

পুনশ্চ: arrest **করবেন না** please!

একটু অন্যভাবে ভেবে দেখুন

- দেবজ্যোতি সাহা

কিছুদিন আগে magazine এর জন্য একটা লেখা দিয়েছিলাম। ভালোও লেগেছিল সম্পাদক মহাশয়ের। কিন্তু লেখাটা বড্ড তাড়াতাড়ি শেষ হয়ে গেল বলে ওটাকে আরো বড় করতে বললেন। কোন জায়গাতে বাড়ানো যায় সেটাও বলে দিলেন, কিন্তু আমার ভাগ্য! যাই লিখি না কেন, সেই মানসিক পর্যায়ে পৌছতে পারছি না। তাই আর একটা নতুন লেখার চেষ্টা।

মাইকেল মধুসূধনের 'মেঘনাদবধ্' পড়েছেন? হ্যাঁ! Syllabus এ না থাকলে হয়ত আমি পরতাম না। কিন্তু সেখানে আমাদের সকলের প্রিয় রাম কিন্তু Villain! (না; এবারের পুজোর নতুন সিনেমার প্রচার আমি করছি না বা নতুন করে আঘাত ও করছি না কাউকে। এটা অনেক দিন আগে মধুসূধনবাবু লিখে গিয়েছিলেন) আচ্ছা, অসুরকে কি কেউ এভাবে দেখেছে? আমাদের সমাজের দ্বিচারিতা কত স্পষ্ট হয়ে ওঠে এই পুজো নিয়েই। ব্রক্ষ্মার বর ছিল কোনো পুরুষ তাকে বধ্ করতে পারবে না। আর তাতেই খুশি হয়ে গেল অসুর। কারণ সে ধরেই নিয়েছিল পুরুষ না হারাতে পারলে মহিলা তো কোন ছার! শেষ পর্যন্ত দেবতাদের দূর্গার স্বরনাপন্ন হতে হয়। ব্যাপারটা কিরকম শরীর খারাপ হলে "মা মা" করার মতো। পুরাণ মতে রামও দূর্গার স্বরনাপন্ন হয়েছিলেন বিপদে পরে; অসময়ে।

কিন্তু সেই রামচন্দ্রও সীতাকে বলেছিলেন অগ্নিপরীক্ষা দিতে; পবিত্র কিনা জানার জন্য। মানে বিপদে পরলে সবই করতে পারি কিন্তু বিপদ চলে গেলে সবাইকে দিয়ে যা খুশি করাতেও পারি। আসলে আমাদের সমাজ ও পারিপার্শিকটা এমনই যে একটা সময়ের পর মহিলা জাতিকে (হ্যাঁ! ওনারা মানুষ নন; অন্য একটা জাতি!) নিজের ওপর সন্দেহ করতে বাধ্য করা হয়। সেই কারনেই হয়ত পণ নিয়ে বাড়ির মহিলাদের বেশি চিন্তা।

না, অনেকটা সরে গেছি। যে বিষয় নিয়ে লেখা শুরু করেছিলাম, তাতে ফিরে আসি। অসুরের স্বর্গ জয়ের মধ্যে খারাপটা কী ছিল? লক্ষ্মণ সেনও তো অনেকে হারিয়ে নিজের রাজ্য বানিয়েছিলেন। আকবরও সেই একই কাজ করে গেছেন। হ্যাঁ যাদেরকে হারিয়েছেন তাদের কাছে ওনারা খারাপ, কিন্তু নিজেদের লোকের কাছে তো ওনারা ভালো। আবার নিজেদের লোকের কাছে খারাপ হলেও ইতিহাস কখনোই সেটা প্রকাশ করবে না। কারণ ইতিহাস সবসময়ই "জয়ী"দের জন্য লেখা হয়। সেই "survival of the fittest" এর গল্প। মারো নয় মরো! এভাবেই তো আমরা বেচে আছি শতাব্দীর পর শতাব্দী। এখন হয়ত আমরা "কম ঝাপিয়ে পড়ি পাথর নিয়ে।" কিন্তু ভালো পড়াশুনা বা ভালো কাজ করার চিন্তা-ভাবনাটা তো এভাবেই এসেছে।

আসলে by default আমরা দেবতাদের দলে। তাই অসুর আমাদের শত্রু ওরফে পরাজিত শত্রু। তাই যার যেটা পচ্ছন্দ না, সেটাই আমরা বানাই অসুর। কারোর মহিষ পচ্ছন্দ না, তাই আমরা পেয়ে গেলাম মহিষাসুর। আবার কারোর বর্তমান শাষককে বেশ লাগে, তাই আমরা পেয়ে যাই "১২হাতের শাষকরূপী দূর্গা"! আসলে পুরোটাই পচ্ছন্দ আর অপচ্ছন্দের খেলা। আমাদের বর্তমান সমাজের কথাটাই ভেবে দেখুন না; ভোট বক্তৃতা শুনে সকলেই হাসি। বিশ্বাস করি না এক বর্ণও। তবুও তাকেই যেতাই যে ভালো কথা বলতে পারে। অন্য লোককে না বলে নিজেদের কথাই চিন্তা করি না। সেই পছন্দ-অপছন্দ। interview তে গিয়ে আর যাই করি না কেন, নিজেকে 'presentable' অবশ্যই করি, আর বোঝার চেষ্টা করি সামনে বসা মানুষটার কীরকম লোক পছন্দ। বললাম না, পছন্দ অপছন্দের খেলা।

পারলে ভেবে দেখবেন, আমি তো আর মধুসূধনবাবু নই যে ভাবিয়ে ছাড়ব!

পুনশ্চ: আজ লক্ষ্য করলাম, আমি সব লেখাতেই রাজনীতি মেশাই।

Meaning of Life

- Aritra

To all the life on Earth
All standing with a breath
All with a life
All with a soul
All with a purpose-

Make the world a better place
Through innovation
Through inspiration
Through invention
Until Earth's last breath

My Teacher

- Vikram

My teacher loves to teach
Her dress is always peach
I think she loves the beach
Because she always gives a speech
Some say she likes to preach
But I think she likes a bit of each
And she likes to wash clothes in bleach
Can you believe she also likes to screech ??
But I love her as my teacher loves to teach !!!!

E. N. Let's wish the best to these young and budding poets.

Another City

- Magpie

A group of teenagers had just picked up their dinner from the roadside deli. The glass door had a hideous yellow sticker with the words-‘*Deli-King: Chicago’s favorite*’ on it. Some thought that it was indeed the shop’s vain claim to be the best deli around, while others guessed that it was named after Dr. Martin Luther King Jr. Most people didn’t give a…well, back to the boys. Two of them were really tall and muscular with broad shoulders and long braided hair. They were wearing the Bulls’ jersey-Morrey in blue and Ronnie in red.

No they didn’t play basketball. They were rappers. Or least they thought they were. They had performed together as the rap-duo - ‘Morronns’and they weren’t that good. The skinny one, Ray was the youngest in that group; he had just graduated high school and applied for college. And that was one of the many reasons he was picked on; his skinny frame and quiet disposition didn’t help matters. Ray didn’t mind though; he had been through much worse.

It was getting dark; Ray wanted to get home soon. These streets were familiar; Ray had grown up here. He had known these bylanes, these nooks and corners from the time he was in his mom’s stroller, trying to figure out the world around in his own tiny way. Shawna had Canny with her whenever she brought little Ray along. The timid canine gave her confidence.

Canny was dead, Ray didn’t feel sad anymore. Ray had seen many others go...his best friend Mikey; Ray was just ten. A drunk driver ran him over. He was taken to the hospital, but they couldn’t save him. He had heard later that no formal complaint was lodged. Mikey’s family had moved out of the neighbourhood half a year later. They lived in the north side now, some said.

“Well they had been meaning to get out of here for some time now—and with the cash they got from that … just made things easy.”

Ray couldn’t believe Ronnie; there was no way to find out so he started forgetting again. Then there was Martha. Marty was like an elder sister to Ray. She worked as a nurse at the Engelwood Center for Children. Ray had read his first book at Marty’s place. It had been his personal library for a long time. Martha was a young widow. She had found out just one year after her wedding that her husband was a member of the local gang. She couldn’t leave him because of that, but he could, in fact he did. Rather easily-with a deep bullet wound in his head and dagger to his ribs. They found his body in the dumpster. The old lady who found him suffered a heart attack. She died two days later.

Ray was walking back. The ‘Morronns’ had headed for the beach. This was an impotant week for him. It was now or never. When he emailed the admissions office last month, they said that they had already sent out the offers for the fall, which meant he didn’t get in. Then someone had told him that they mail offers with financial aid at the very end, which had kept his hopes alive. Ray liked to hope for the better, for the best. He knew, at this young age that reality was almost always unpleasant; the present sucked but hoping for a better future always brought a smile to the world. So he had taken off on his bike to Evanston, feeling a bit of Lake Michigan inside him and in a couple of hours, he was standing in the admission office of Northwestern University. Every time he was in the campus he felt that this was where he really belonged. To be able to browse the bookshelves of the Seeley Mudd, or even to sit by the lake and think for a while without having to listen to dissonant tunes or non-stop streams of nonsensical words had been a dream. This was his future. His trip had not been in vain; the nice lady at the office had assured Ray that they hadn’t dispatched the scholarship letters yet. Ray was sure his letter was somewhere in that pile.

But that was two weeks ago and according to their last email they had finally sent out all the letters. Tomorrow was Friday, so it had to be tomorrow. He decided that he would check tomorrow, first thing in the morning; he was hopeful. But before that he still had one last thing he needed to do. Ray was glad this was finally over. His college would be his refuge…he reached under his shirt and pulled out an off-white envelope as he silently slipped inside a narrow lane. He could see a throbbing orange light at a distance and he knew that was his destination. He reached the light with hurried steps. A torch light fell on his face and he saw the guy holding the torch. It was Max today.

“Where is it?”

“Here in the envelope…as usual”, Ray replied to the husky voice.

Max opened the envelope, looked inside and with a mild click the narrow lane was completely dark again, except for the orange flicker of the cigarette, now on the ground. Ray knew his job here was done and he turned around, ready to leave.

“Hey Ray, tell your brother to skip town for the weekend, okay? Coppers all over the place this week.”

With this Max was gone. Ray nodded in the dark; there were too many things in his mind right now. A part of him didn’t want to warn his elder brother Jerry. He deserved to be caught. He was the reason his mom had been fired from her jobs. The shame had dissipated after a while but the fear remained. Jerry was also the reason Ray could go to a good school,

dream about going to college and eventually med-school. The only thing Ray was required to do was to deliver ‘envelopes’ to certain people from time to time and ask no questions. Jerry had promised that this was the last time. After this Ray would be a college kid! He even promised to pay for college, although Ray knew better than to trust Jerry’s promises. Ray reached home with a mind clouded with thoughts and heart still thumping against his chest.

Another night was slowly descending on the ‘most dangerous neighbourhood in Chicago’. The recent article with the same title had stirred up the city. Some of the interviewees had been threatened. The police had become more proactive; shootings and even petty street robberies had gone down significantly. Some called this the calm before the storm. A young boy was trying to reach home as fast as he could…he had to see his mother. At a distance he could see a splash of blue and red and as he approached the cars he could hear sirens. There were five cop cars parked at weird angles all over the intersection but there was no one around. The boy had to cross the intersection to reach home or he could turn right from the next block. Probably best. He walked ahead toward the next block…an explosion shook the sky. The boy fell down. He was quick to identify the sound- a gunshot. This was bad; he had to get away fast. Someone was shouting through a megaphone but he had no time to listen. He put on his hoodie and started running.

“No one moves, I repeat-no one moves.”

A volley of bullets rained on the cars from the dark. The boy was oblivious to all this. He clutched the off-white envelope in his pocket and kept running.

“You’re surrounded, come out with your hands over your heads.”

“Sir, someone’s trying to escape!”

Two gunshots later, the police discovered that the boy who was trying to escape was dead with a bullet in his arm and one in his back. His right hand was in his pocket, clutching an off-white envelope. This could be the evidence they needed. A pair of gloved hands carefully flicked open the blood-stained envelope to find a piece of paper inside, unsullied by blood. It was a letter, the seal said - ‘Northwestern University-Weinberg College of Arts and Sciences.’ The letter read-

“Dear Mr. Wilson, Congratulations! It is my pleasure to offer you admission to the Class of 2022 at the Weinberg College of Arts and Sciences, Northwestern University. This opportunity to join one of the most outstanding student bodies in the country comes in recognition of your academic and personal achievements….”

The sirens were still blaring.

জিকোনামা

- অরবিন্দ লাহা

"*Pehli nazar mein kaisa jadoo kar diya, tera ban baitha hai mera jiya*" - গানটা বেরোবার পর থেকে কম সে কম হাজার বার শুনে ফেলেছে জিকো৷ Contemporary হিন্দি ছবি ও গানে তার অদ্‌ভুত টান৷ যত খারাপ-ই হোক ও first-day first-show দেখে ফেলবেই৷ তার দৃঢ় বিশ্বাস যে জীবনটা over-the-top মাসালা বলিউড ছবির মতোই hilariously strange অথচ প্রচন্ড রোমহর্ষক৷ কিন্তু দৈনন্দিন জীবনে এসব কিছুই মেনে চলে না শাহরুখ্‌ প্রেমী এই ফিল্মি ছেলে৷ মেয়েদের বেশ ভয় পায় জিকো৷ অথচ তার প্রথম নিকট বন্ধু কিন্তু একজন মেয়ে-রীমা৷ সেই তার একমাত্র বান্ধবী৷ তখন জিকো ইঞ্জিনিয়ারিং এ প্রথম বর্ষের ছাত্র আর রিমা পড়ে ক্লাস টুয়েলভে৷ দুজনে একই পাড়ায় বড় হয়েছে জন্ম থেকে৷ এতটাই ভাব যে পারলে লোকজন বাল্যবিবাহ দিয়ে দেয় আর কি৷ কিন্তু শাহরুখ্‌ যতই বলুক *"ek ladka ladki kabhi bhi dost nahin ho sakte,"* এরা দুজন *"dost ke siwa kuchh nahin"*৷ রীমা প্রচুর চেষ্টা করেছে জিকোর জন্য গার্লফ্রেন্ড পটিয়ে দিতে কিন্তু সে গুড়ে বালি। জিকো মুখে যতই SRK এর মত ফুল ফোটাক মেয়েদের সামনে একটি রা-ও কাটতে পারে না ভয়ে। অন্যদিকে রীমা একাধিক ডেট করেও বিশেষ সুবিধে করতে পারেনি। রীমা হলো গিয়ে প্রকৃত অর্থে ইন্ডিপেন্ডেন্ট এবং প্রচন্ড বাবলি। কেন যে ছেলেগুলো এত গাধা? যেকোনো হিন্দি ছবির গল্পের মতোই দুজনে ঠিক করেছিল যে তাদের কপালে কেউ না জুটলে তারাই একে অপরের ঘাড়ে চেপে বসবে। জিকো মানুষ হিসেবে একাধারে প্রচন্ড অপটিমিস্টিক আবার অন্যদিকে ভিশন বাস্তববাদী। ও স্বপ্নালু প্রেমিক হলেও বাস্তবটা ভালই সামলাতে পারে। জীবনের প্রায় সব ব্যাপারে ধৈর্য ভালোই অথচ যাদের ভালবাসে তাদের প্রতি জিকো একেবারেই ধৈর্যশীল নয়। রীমার উপর অল্পেতে চটে যায়। জিকোর জীবনে আরো দুজন খুব গুরুত্বপূর্ণ। কলেজের নিকটতম বন্ধু ইন্দ্রনীল এবং রুদ্রনীল। জমজ ভাই। পাশের পাড়াতেই থাকে আবার হোস্টেলে রুমমেট ও বটে। রুদ্রনীলের ৮ বছরের প্রেম সেই প্রাইমারি স্কুল থেকে – সানিয়া। ইন্দ্রনীল খানিকটা জিকোর মতোই মাইনাস দ্য ফিল্মি কীড়া। মেয়েদের যমের মত ভয় না পেলেও নিজের প্রতি আস্থাটা যেন একটু কম-ই।

সে বছর পূজোয় ওরা তিনজন, রীমা আর সানিয়া একসাথে ঠাকুর দেখতে বেরোয়। জিকো লক্ষ্য করে যে ইন্দ্রনীল রীমার থেকে চোখ ফেরাতেই পারছে না। রীমা আর সানিয়া কে বাড়ি পৌঁছে দিয়ে বাড়ি ফেরার সময় সুযোগ বুঝে ইন্দ্র কে জোর করে জিজ্ঞেস করায় জিকো

জানতে পারে যে রীমাকে ওর খুবই পছন্দ কিন্তু ওই বাকি সবাই এর মত সেও ভাবতো যে জিকো এবং রীমা একসাথে আর কি। জোরে হেসে ওঠে জিকো, সে তো ভাবতেই পারেনি যে তার দুই খুব প্রিয় মানুষ প্রেম করতে পারে। সময় নষ্ট না করে বাড়ি পৌঁছেই তৎক্ষণাৎ রীমা কে কল করে ফেলে জিকো।

জিকো - দারুন মজা হলো। কালকের প্ল্যানটাও বানিয়ে ফেলতে হবে তো।

রীমা - হ্যাঁ হ্যাঁ... প্লিজ এবার প্রত্যেক দিনই তোদের সাথে বেরোবো। এত মজা অনেক দিন হয়নি পুজোতে।

জিকো - হুম হুম! বুঝতেই পারছি। অন্যবার আমি একা থাকি তাই একদিন, এবার ইন্দ্র ছিল তাই প্রত্যেক দিন।

রীমা - চড় খাবি। Group এ বেরোলে বেশি মজা তো হবেই। চল কাল তোর জন্য মেয়ে খুঁজবো।

জিকো - সেসব পরে হবে। কিন্তু তোর ইন্দ্রকে কেমন লাগে রে?

রীমা - দুটো চড় খাবি এবার।

জিকো - আহা রাগ না করে বলনা। ডেট করবি ওকে? ওর কিন্তু তোকে খুব পছন্দ।

হেসে ফেলে রীমা

রীমা – Impossible! তুই একটা...

"Tumhari na mein hi haan chhupi hui hai" - আজকাল কন্সেন্ট বড় two-edged sword. কিন্তু সেই সময় এই প্লেফুল ইনোসেন্স টাই প্রাধান্য পেয়েছিল। খুশির খবরটা জিকো জানায় ইন্দ্রনীল কে। অনেক কষ্টে পরের দিন বেরিয়েছিল বাড়ি থেকে লজ্জায় লাল হয়ে। পরের দিনটা একদম অন্যরকম কেটেছিল জিকোর। সবার সাথে বেরোলেও সে লক্ষ্য করে যে রুদ্র সানিয়ার সাথে আর নতুন লাভ বার্ডস রীমা এবং ইন্দ্র আলাদা আলাদা হাঁটছিল। জিকোর দিকে তেমন একটা দৃষ্টিপাত না করেই। এরপর হোস্টেলে রুমে দুই ভাই রাতের পর রাত ফোনে কাটাতে লাগলো। ফোনে লম্বা লম্বা কথোপকথন জিকো একদম পছন্দ করে না। প্রচন্ড ন্যাকা ন্যাকা মনে হয় ওর। তাই ঘর থেকে বেরিয়ে যেত। উইকেন্ডস গুলোতেও ওরা নিজেদের মতো বেরোতে লাগলো, কিন্তু বাড়িতে বলে বেরত যে জিকোর সাথে দেখা করতে আসছে। ফলে জিকোর ছুটির দিনগুলো রীমা আর ইন্দ্রনীলের বাড়ির লোকেদের বোঝাতেই চলে যেত, যে তারা ওর সাথেই আছে।

রীমা এখন কলেজে উঠেছে এবং জিকোরা সেকেন্ড ইয়ার। প্রেম পুরনো হওয়ায় আবার ঘোরাফেরা আড্ডা আগের মতই। গরমের ছুটিটা পাঁচ জনে দারুন এনজয় করেছে। জিকো মাঝখানে ইন্টার্নশিপ করতে

যায় এক মাসের জন্য। ফিরে আসার পর দেখে যে সবাই উঠে পড়ে লেগেছে এই পুজোয় তাদের ৫ থেকে ৬ হতেই হবে। রুদ্র, রীমা আর সানিয়া এই উদ্যোগে নাম লিখিয়েছে। ইন্দ্র জিকো-র সমস্যাটা কিছুটা বুঝতো। সে অবশ্যই চাইতো যে জিকো-ও প্রেমে পড়ুক কিন্তু ওর দুর্বলতাটা রক্ষা করার চেষ্টা করত। গরমের ছুটির শেষের দিক - রথযাত্রা এবং মেলা শুরু হয়েছে। রুদ্র আর সানিয়ার আলাদা প্ল্যান থাকায়, জিকো রীমা আর ইন্দ্র একসাথে মেলায় যায়। মেলা থেকে ফেরার পথে ওরা জিকোর থেকে জানতে চায় যে সে কিভাবে প্রেমে পড়াটাকে কল্পনা করে।

জিকো - এই ধর রাস্তা দিয়ে হাঁটছি। এদিক ওদিক তাকাচ্ছি। হঠাৎ ওপাশ থেকে কেউ চুল সরিয়ে তাকালো। আনমনে সেই খোলা চুল আর চোখের কালোতে মাতোয়ারা হয়ে আমি আটকে গেলাম মাঝ রাস্তায়। চারিদিকে গাড়ি হঙ্ক করছে কিন্তু আমার ফ্রেমটা স্লো মোশানে এগোচ্ছে আর ব্যাকগ্রাউন্ডে শাহরুখ্ গাইছে *“Kab se kare hai tera intezaar, kab ayegi meri jaane bahar”*। আইনস্টাইনের রিলেটিভিটি-টা যেদিন এমনি ভাবে উপলব্ধি করতে পারবো, সেদিনই প্রেমটা হবে বুঝলি।

ইন্দ্র – কিন্তু তুইতো লাভ অ্যাট ফার্স্ট সাইটে বিশ্বাস-ই করিস না। খালি SRKএর গান গাওয়ার সুযোগ চাই।

রীমা - এই জিকো মরবি নাকি!!!! এমনি কেউ দাঁড়িয়ে থাকে মাঝে রাস্তায়?

ইতিমধ্যে রাস্তায় একটা ছোট জমাট বেঁধে গেছে।গাড়ির হর্ণে চারিদিক ব্যতিব্যস্ত। ইন্দ্র আর রীমা চেঁচিয়ে চলেছে জিকো কে উদ্দেশ্য করে। কিন্তু সে নির্বিকার মাঝ রাস্তায় দাঁড়িয়ে, এক দিকে তাকিয়ে আছে মুগ্ধ হয়ে। রীমা হাত ধরে টেনে আনায় সম্বিৎ ফেরে জিকোর। কিন্তু ততক্ষণে সে রিলেটিভিটি ফিল করে ফেলেছে, পেহেলি নজর জাদু করে দিয়েছে, এবং সপ্নের জানে বাহার ও চলে এসেছে। মুখ ফুটে কিছু বলতে পারে না, খালি ইশারায় রাস্তার ওপারে দেখতে বলে বন্ধুদের।

মায়াবী সুন্দরী একজন। কবিগুরু রুপম ইসলাম হয়তো এর জন্যই লিখেছিল “আমি তোমার চোখের কালো চাই, তাই তোমার দিকে তাকাই... তুমি তাকাওনি আমার দিকে, তাই ধূসর বিকেল”। খোলা চুল সামলাতে এদিক ফিরে তাকিয়েছিল, অজান্তে মুখে দাঁত কামড়ে ইলাস্টিক ব্যান্ড। সময় থমকে যায় জিকোর। এত সুন্দর তো কাউকে সে স্বপ্নেও দেখেনি। নাহয় হলোই রাস্তায় একটু কোলাহল, কিন্তু এই মুহূর্তটার কাছে তো এই সবকিছুই বড় নগণ্য। হয়তো তারই জন্য জিকো প্রেমে পড়েছিল প্রথম এমন ভাবে যাতে সে নিজেই বিশ্বাস করত না। রীমা রেগে বলে ওঠে “এমন কি সুন্দরী যার জন্য মরতে বসেছিলি”। ইন্দ্র-ও একটু বকাঝকা

করে, কিন্তু জিকোর চোখ সরেনি রাস্তার ওপার থেকে। এতক্ষণে তার চুল বাঁধা হয়ে গেছে এবং দাঁড়িয়ে একজনের সাথে কথা বলছে। জিকোর ভেতরকার SRK গেয়ে চলেছে *"Main agar kahoon tumsa haseen, kaynaat mein nahin hai kahin."*। গুরুদেব তো বলেইছেন যে *"Kisi cheez ko agar shiddat se chaho, toh puri kaynaat tumhein usse milane ki shazish mein jut jati hai".*। হঠাৎ রীমা বলে ওঠে – "আরে ওটাতো সোহিনী! আমার স্কুলের জুনিয়র, এখন ক্লাস টুয়েলভে হবে"। বিদ্যুৎ খেলে যায় জিকোর সারা শরীরে। তাহলে কি? মানে? সত্যি? হতে পারে? ইন্দ্রনীল খুশি হয়ে। ওঠে রীমা কে বলে তাড়াতাড়ি ওদিকে গিয়ে মেয়েটির সাথে কথা বলতে। কিন্তু ঠিক এই সময় বাস্তব কানটা ধরে মাথাটা খানিকটা ঝাঁকিয়ে দেয়। সুন্দরী মেয়েদের যে ভয় পায় জিকো, সেটা ভুললে কি করে চলবে। রীমা সেটা অগ্রাহ্য করে সোহিনীর সাথে কথা বলতে চলে যায়। অধীর আগ্রহে জিকো আর ইন্দ্রনীল দাঁড়িয়ে থাকে এপাশে। কিছুক্ষণ পর রীমা হাসিমুখে ফেরত এসে বলে – "চল কথা বলবে"। জিকো ঘাবড়ে গিয়ে মানা করতে থাকে, কিন্তু একপ্রকার জোর করেই তাকে টেনে নিয়ে গিয়ে সোহিনীর সামনে দাঁড় করিয়ে দেওয়া হয়। সে ভয়ে মাথা নিচু করে দাঁড়িয়ে থাকে।

সোহিনী - আমি তোমাকে চিনি।

সবাই নির্বাক। জিকো বিস্ময়-এ মুখ তোলে। ওর মনে হয় যেন সেই নিজের হাতে সৃষ্টি করেছে সোহিনী কে, নিজের মনের মাধুরী মিশিয়ে। একে ভালোবাসবে বলেই তো যেন এত দিনের অপেক্ষা।

সোহিনী - তুমি সোহম কে চেন? সোহম চ্যাটার্জি?

জিকো - ইয়ে মানে... একজনকে চিনি। আমার স্কুলের খুব ভালো বন্ধু, কিন্তু কলেজে ওঠার পর কোন যোগাযোগ নেই। **সোহিনী** – হ্যাঁ, আমি ওর ই বোন...

জিকো ভয়ে কাঁপতে শুরু করে দেয়। ক্ষমা চেয়ে উল্টোদিকে হাটা লাগায়। রীমা আবার দৌড়ে গিয়ে টেনে আনে।

সোহিনী - তুমি এমনি করে পালালে কেনো?

জিকো চুপচাপ দাঁড়িয়ে থাকে। পায়ের আঙুল দিয়ে ততক্ষনে মাটিতে গর্ত করে ফেলেছে।

রীমা - সোহিনী ও আমার সবচেয়ে পুরনো এবং ক্লোজ বন্ধু। কিন্তু মেয়েদের ভীষণ ভয় পায়। তোকে রাস্তার ওপার থেকে দেখে মাঝ রাস্তায় আটকে গেছিলো।

সোহিনী হেসে ওঠে। সেই হাসির মধ্যেও যেন ওর-ই নামের 'রাগ' খুঁজে পেল জিকো। এতটাই মধুর।

সোহিনী - ও বুঝলাম! তাই দাদার কথা জেনে ভয় পেয়ে গেছিলে। আচ্ছা তার আগে আমরা একটু ওই দিকে গিয়ে কথা বলি। এখানে আমি টিউশন পড়তে এসেছিলাম। তো স্যারের বাড়ির সামনে কথা বলা উচিত হবে না।
রাস্তা ক্রস করে উল্টো দিকে গিয়ে দাঁড়ালো সবাই। বেচারি সোহিনীর বান্ধবীটির অবস্থা একেবারেই clueless। সে কিছু ঠাহর না করে, খালি দাঁড়িয়ে আছে হতবাক হয়ে।
সোহিনী - তা পছন্দ হয়েছে বলে দেখে দাঁড়িয়ে গেলে? এক্সিডেন্ট হয়ে গেলে? এরকম কেউ করে নাকি?
সবাই চুপ।
সোহিনী - বাবা নিতে আসবে কিছুক্ষণ এই। তুমি তো চেন, কথা বলবে?
জিকো ভয়ে কাঠ হয়ে রয়েছে। বলে ওঠে – "এই না না প্লিজ! সরি! ভুল হয়ে গেছে"।
সোহিনী - আরে ভুল কি এতে? তোমার পছন্দ হয়েছে তোমার বলা উচিত ছিল, রীমা দির নয়। তোমার বন্ধুরা না থাকলে কি করতে?
কোনো উত্তর ছিলনা জিকোর কাছে। সত্যিই তো রীমা বা ইন্দ্র না থাকলে তার তো সোহিনী কে দেখে, আটকে গিয়ে, হতাশ হয়ে বাড়ি ফিরে যাওয়া ছাড়া আর কোন উপায় ছিল না। ইতিমধ্যে সোহিনীর বাবা নিতে চলে আসায় সোহিনী চলে যাওয়ার আগে বলে যায় যে আগামী সপ্তাহেও টিউশন আছে। এই সময়-ই ছাড়েন স্যার। হাসি ধরে না জিকোর। এত খুশি কোনদিন হয়নি। রীমা আর ইন্দ্র-ও প্রিয় বন্ধুর একজন মেয়েকে পছন্দ করে কথা বলায় বেশ আনন্দিত। বাড়ি ফেরার পথে জিকো আনমনে ভাবতে থাকে যে একটা গভীর ধন্যবাদ যেমন রীমা আর ইন্দ্রর প্রাপ্য এই দিন টার জন্য, তেমনি প্রাপ্য সোহিনীর নিজেরও। একটি পুচকি মেয়ে সাবলীলভাবে জিকোর জড়তা কাটিয়ে দিল কিছুটা হলেও। যাকে শিদ্দ্যত সে পাওয়ার কথা ভাবছিল, সেই কি নিজেই পুরো কায়ানাতের সাথে মিলে শাজিশ করছিল?

বাড়ি ফিরে সারারাত আতিফের গাওয়া গানটা শুনেছিল জিকো। তখন ফোন নাম্বার নেওয়ার চল এতটা ছিল না, তাই স্বাভাবিকভাবে মাথাতেও আসেনি ওর। পরের বুধবারের জন্য অপেক্ষা করতে করতে চোখ বুজলো। "এক পলকে, একটু দেখা... আরো একটু বেশি হলে? ক্ষতি কি?" পরের দিন সকালে রীমার ফোনে ঘুম ভাঙ্গে।
রীমা – ইডিয়ট! পড়ে পড়ে ঘুমোচ্ছিস? ভাবলাম রূপকথার মত প্রেমে পড়ে সারারাত জেগে থাকবি
জিকো - আরে দেখে আটকে গেছি মানে থড়ি প্রেমে পড়ে গেছি?
রীমা – আদিখ্যেতা! শোন তোর নাম্বার নিয়েছে আর এই হচ্ছে ওর নাম্বার মেসেজ করিস।

জিকোর হৃদয়ে যেন একটা ছোট শক্ খেলে গেলো।
ফোনটা ভয়ে হাত থেকেই পড়ে গেছিল, সোহিনী ওপাশ থেকে “Hello” বলায়। পুচকি একটা মেয়ে, এত সাবলীল কথা বলে যাচ্ছিল আর জিকো হুম, হ্যাঁ এর বেশি কিছুই মুখ ফুটে বলতে পারেনি। সারা সপ্তাহ টুক টাক মেসেজ আদান-প্রদান হতে থাকে। এই ব্যাপারে জিকো অনেকটাই সাবলীল। কিন্তু পছন্দের কথা উঠলেই লজ্জায় এড়িয়ে যায়। পরের সপ্তাহে একই দিনে আবার মেলা যাওয়ার প্ল্যান এবং ফেরার পথে সোহিনী দর্শন।

সকাল থেকেই ফুরফুরে মেজাজে জিকো আর ওর বন্ধুরা। আজ রুদ্র ও সানিয়া ও যাবে প্রিয় বন্ধুর প্রেমে হোঁচট খাওয়া দেখতে। জিকোর ঘড়ি পড়ার অভ্যাস নেই, কিন্তু সেদিন বাবার দেওয়া ঘড়িটা পরে গেছিল, কারণ “ঘড়ির কাটায় তখন, প্রশ্রয়!” সবাইকে জোর করে মোটামুটি সময়ের আগেই গন্তব্যস্থলে পৌঁছে গেছে সে। হাতে একটা পেনড্রাইভ। বাই চান্স কারো চোখে ধরা পড়লে বন্ধুর বোনকে স্টাডি মেটেরিয়াল দেওয়ার অছিলা মাত্র। রয়ে ছিল শুধু পছন্দের কিছু গান। হঠাৎ নীল সালোয়ার পরে পিঠের এক দিকে ব্যাগ নিয়ে হাসতে হাসতে বেরোলো সোহিনী। নিজের আনমনে বন্ধুর সাথে কথা বলতে বলতে। মনেও হয়নি কেউ ওর জন্য অপেক্ষা করছে। জিকো আবার আটকে যায়। আশেপাশে বন্ধুদের বিদ্রুপাত্মক মন্তব্য, রাস্তার কোলাহল কিছুই গ্রাহ্য করে না সে। জিকো সৃজনশীলতায় অষ্টরম্ভা, কিন্তু সেদিন মনে মনে সোহিনীর জন্য একটা শের সৃষ্টি করেছিল - “Aa tujhe aasman mein le chaloon, chaand ko uski aukaat batane.” তবে এই শের সোহিনী আজ ও জানে না, জিকো কখনো ব্যক্ত করে উঠতেই পারে নি। সোহিনী কিছুক্ষণ পরে খেয়াল করে ওদের দিকে এগিয়ে আসে। রীমা-ই ওকে আলাপ করায় রুদ্রনীল আর সানিয়ার সাথে। বন্ধুরা থাকলে যা হয়, জিকো কথা বলার একটুও সুযোগ পায়নি। মেয়েটির মধ্যে কোন জড়তা নেই একটা উদ্যম জলপ্রপাত-এর মত।
সোহিনী - তুমি কিছু বলবে না?
চমকে তাকায় জিকো।
জিকো - না মানে… একটা পেনড্রাইভ এনেছিলাম।
সোহিনী – কেন?
রীমা - গান ভরে এনেছে। প্রেম নিবেদন করতে।
সবাই হেসে ওঠে। সোহিনী পেন্ড্রাইভ টা নিয়ে নিজের ব্যাগে ঢুকিয়ে রাখে সযত্নে।

সোহিনী - আমি বাড়িতে বলেছি তোমার সাথে দেখা হয়েছিল। তুমি তো সবাইকেই চিনতে আমায় ছাড়া। আজ বাবা আসবে তখন দেখা করে নিও।
জিকো - না মানে, এটার কি খুব দরকার? আমরা এখনি চলে যাচ্ছি।
সোহিনী - এত ভয় পেওনা মিছিমিছি। দাদা তো তোমার খুবই ভালো বন্ধু।
বন্ধুরা ও সাহস যোগায় বা বলা চলে বাড় খাইয়ে ক্ষুদিরাম করে দেয় জিকো কে এবং সবাই অপেক্ষা করে সোহিনীর বাবার জন্য।
ওর বাবা এসে জানায় যে সোহম ও ছুটিতে বাড়ি আসছে তাই জিকো যেন যায় দেখা করতে। ইন্দ্র দেরও আসার আমন্ত্রণ জানান। বাড়ি ফেরার পথে সবার বক্তব্য এটাই ছিল যে সোহিনীর ও জিকো কে পছন্দ হয়েছে। তাদের দলের প্রেম ভেটেরান - রুদ্র জানায় যে মেয়ের বাড়িতে ও সবাই জিকো কে পছন্দ করে এবং তাই নিমন্ত্রণ। জিকো খানিক টা আনমনে খুশি হয়েই হাঁটতে থাকে। বাড়িতে এসে জামা না ছাড়তে ছাড়তে-ই ফোন বেজে ওঠে।
সোহম - কাল আসছিস তো? কতদিন পর তোর সাথে দেখা হবে। Can't imagine.
জিকো - হ্যাঁ ভাই। Really excited. কিন্তু বাইরে আড্ডা মারলে হতো না?
সোহম - মা-বাবাকে তো ভালো করেই চিনিস আর সোহিনীর সাথে ও আলাপ হয়ে গেছে। অসুবিধে কোথায়? সত্যি-ই সেদিন ও যখন বাড়ি ফিরে বলল তোর কথা আমি বিশ্বাসই করে উঠতে পারিনি।
জিকো - হ্যাঁ মানে ওতো রীমার জুনিয়র। ওই সূত্রেই আলাপ হলো আর কি। তখনই কথায় কথায়...
সোহম – রাইট! তোর বন্ধুরাও আসছে তো?
জিকো - হ্যাঁ ওরাও আসবে। কিন্তু কিছুক্ষণ বসে সবাই বেরোবো, ঠিক আছে?

পরের দিন নিজের পুরনো বন্ধুকে দেখার আনন্দটাও জিকো ভয়ের চোটে ফিকে করে ফেলেছে। হাত পা কাঁপছে। এক প্রকার ইন্দ্র আর রুদ্র-ই ওকে টেনে হিঁচড়ে দরজা অবধি নিয়ে গেছে। কাকীমা দরজা খোলা-তেই জিকো সটান একটা প্রণাম করে ফেলে। এসব আবার ওর স্বতঃস্ফূর্ত ভাবে আসে। অনেকদিন বাদে দেখা হওয়ায় সোহম, কাকু, কাকিমা সবাই খুশি। বাকিদের সাথে আলাপ-গল্প চলছে। জিকো তখন সোহিনীর কথা সাময়িকভাবে হলেও ভুলে গেছে। কিন্তু কিছুক্ষণ পরেই উপর থেকে সে নিচে নেমে আসে। জিকো পাথর হয়ে যায়।
সোহিনী - ওরা এসে গেছে বলিস নি কেন দাদা?
সোহম - আরে আমার বন্ধু তোকে কেন বলতে যাব?

সোহিনী - কিন্তু এত বছর পর আমার জন্যই তো যোগাযোগ হলো। এখন ও আমার বন্ধু হিসেবে এসেছে।
স্বল্প খাওয়া-দাওয়া গল্প-গুজব এর মধ্যেই ইন্দ্র আর রুদ্র জিকোর গুনোগান করার জন্য কোন সুযোগ হাতছাড়া করছিল না। জিকো নিতান্তই চুপ। এরই মধ্যে হঠাৎ এক বজ্রপাত।
সোহম - এই শোন না। তোর হোস্টেল তো আমাদের বাড়ির পাশেই। সোহিনী কে একটু অংক আর ফিজিক্স টা দেখিয়ে দিবি? আমার তো আসা হয়না বাড়ি আর তোর মত ছাত্র পড়ালে ও ঠিক বুঝে যাবে।
জিকো স্তম্ভিত। কিছু বলবার আগেই…
রুদ্রনীল - আরে হ্যাঁ! ওর চেয়ে ভাল স্টুডেন্ট সম্ভব নাকি! ও Maths and Physics পড়ালে সোহিনীর ভালই হবে। **জিকো** - না মা-বাবা রাজি হবে না। টিউশন পরানো তে আমি এমনিতেও ইন্টারেস্টেড নই তাছাড়া।
সোহমের বাবা - আরে আমি বললে তোমার মা বাবা কেন আপত্তি করবেন? সেই তোমাদের স্কুলের সময় থেকে আমাদের ও বন্ধুত্ব।
সোহমের মা - হ্যাঁ তুই প্লিজ পড়া ওকে একটু। একদম পড়েনা, খালি টিউশন যায় আর আসে।
সোহিনী ওদিকে পর্দার আড়ালে ভ্রু কুঁচকে ইশারা করতে থাকে জিকোর দিকে। খানিকটা প্রেসার-এই রাজি হয় জিকো। ফেরার পথে ইন্দ্র আর রুদ্র ওকে বলতে থাকে কি করে পড়ানোর ছুতোয় একে অপরকে ভালো করে চেনা-জানা যাবে এবং সম্পর্কটা কে আগে এগিয়ে নিয়ে যাওয়া যাবে, ইত্যাদি।

প্রথম দিন হাজার বার ঠাকুর নাম জপ করে জিকো পৌঁছেছে সোহিনী কে পড়াতে। উপরে ওর ঘরে পড়াতে হবে। 3 Mistakes of My Life-টা চোখের সামনে জ্বলজ্বল করে উঠলো জিকোর। বন্ধু, তার বোন, অঙ্ক টিউশন, চিলেকোঠার ঘর। খালি তথাকথিত 'mistake'টা হলেই ষোল-কলা পূর্ণ। সেদিন এস. এন. দে-এর Logarithms চ্যাপ্টার এর সবকটা প্রবলেম জিকো হাতে করে সল্‌ভ করে দিয়েছিল, যেটা নিজের স্কুল জীবনেও করেনি। সোহিনী ও সেদিন খালি হ্যাঁ বা না ছাড়া কিছুই বলেনি। হোস্টেল ফেরার পরে ফোনে মেসেজ আসে – "এমনি করে কেউ পড়ায় নাকি? সত্যি করে স্যার থড়ি! আর হ্যাঁ 'তুমি' 'তুমি' বলতে পারব না। আমরা তো বন্ধু হয়েই গেছি, তাই এবার থেকে 'তুই'"। জিকো মুচকি হেসে মনে মনে বলে ওঠে 'পুচকি'। টিউশনে পড়াশোনা ছাড়াও এখন তারা সারাদিনের মজার ঘটনা নিয়ে কথা বলে। সোহিনী ও এখন জিকোর ক্লোজ ফ্রেন্ডস সার্কেলের সদস্য। সোহিনী স্যারের বাড়ি টিউশন গেলে এখন জিকোর সাথে ফেরে সকলের সাথে একটু আড্ডা মেরে। এখন

সোহিনী নিজেই জিকো কে খ্যাপায়। জিকো কিছু বলতে পারে না। ‘পুচকি’ তার একান্ত ব্যক্তিগত।

সেদিন সোহিনীর জন্মদিন। অনেক সাহস জুগিয়ে, আগেই ওর মা-বাবা কে বলে রেখেছে জিকো। ওকে নিয়ে তার সব চেয়ে পছন্দের রেস্তোরায় খেতে যাবে। সোহিনীকে এতদিনে নিজের মনের কথা বলতে। জিকোর প্রথম প্রেম। একটা লাল গোলাপ ও তুলে রেখেছে সোহিনী কে দেবে বলে। সন্ধ্যেবেলায় রেস্তোরাঁর সামনে অপেক্ষা করতে করতে হঠাৎ খেয়াল করে সোহিনীর মাও আসছে তার সাথে। কিছু না ভেবে গোলাপটা ভয়ে জামার মধ্যে ঢুকিয়ে ফেলে। কিন্তু সর্বনাশটা এখানেই!

সোহিনীর মা - এই যে বার্থডে গার্ল কে নিয়ে এসেছি। আমি আর কাকু এই চত্বরেই থাকবো। হয়ে গেলে কল করিস নিয়ে যাব।

জিকো - না আমি ছেড়ে আসতে পারি।

সোহিনীর মা - না বাবু তুই ও তো আজকে বাড়ি ফিরবি, দেরি হয়ে যাবে। আমাদের এখানে কাজ আছে, তোদের তাড়াহুড়ো নেই। যাগ্গে কি উপহার দিচ্ছিস আমার মেয়েকে।

জিকোর সর্বনাশ রক্তাক্ত পর্যায়ে বোধহয় ততক্ষনে। গোলাপটা নিজেই তুলে এনেছিল, কিন্তু কাঁটা ছাড়ায়নি। জামার ভেতরে সেই কাঁটার আচড়ে নাজেহাল অবস্থা তার। আর বেশি সহ্য করতে না পেরে, বেমালুম গোলাপটা বের করে ফেলে।

জিকো - এটা তোমার জন্য...

সোহিনীর মা (হেসে ওঠে) - পাগল ছেলে! খুব সুইট। নে তোরা, যা এবার।

সোহিনী আর জিকো রেস্তোরাঁয় ঢোকে।

সোহিনী - আমার জন্মদিনে মাকে গোলাপ?

জিকো - ইয়ে মানে, কাকিমা তো কত ভালো...

সোহিনী – কি!!! আমাকে ছেড়ে আমার মাকে পছন্দ হলো নাকি?

জিকো - আরে না না। মানে তোর জন্যই এনেছিলাম, বাট কাঁটা ফোটা সহ্য করতে না পেরে, দিয়ে ফেলেছি।

সোহিনী হাসিতে ফেটে পড়ে।

সোহিনী – শাহরুখ্-এর মত প্রোপোজ করবি ভেবেছিলি? তোর জীবন তো ওর চেয়েও বেশি ফিল্মি।

জিকো - তুই জানিস...

সোহিনী - যে তুই আমায় ভালবাসিস? সে তো কবে থেকেই। অপেক্ষা করছিলাম কবে বলবি। নে এবার দেরি না করে, বলে ফেল। না হলে আবার মা কেই বলবি হয়তো।

জিকো - মানে তুই ও কি আমায়...?

সোহিনী - সময় পেরিয়ে যাচ্ছে। বলবি কি না?
জিকো – পুচকি, I love you...
সোহিনী - Oh GOD! পুচকি টা আবার কে?
জিকো – তুই-ই। আমি মনে মনে বলতাম আর কি
সোহিনী – বাহ! আমার নাম দিয়েছিস আর আমাকেই বলিস নি? তুই আমাকে পড়ালেও, এই সব তো আমাকে বলে করাতে হচ্ছে। আমার নাম নাকি পুচকি?
জিকো - তুইও কি...?
সোহিনী - একটু ভাবি। কাল যখন পড়াতে আসবি তখন উত্তর দেব।

সারারাত ঘুম আসে না জিকোর। সোহিনী যদি না বলে দেয়? সেদিন ইন্দ্র হোস্টেলে ছিল না। রুদ্র-ই মনোবল বাড়ায় ওর। পরের দিন পড়াতে যাওয়ার সময় আবার ভয় হয় জিকোর। উপরে পড়ার ঘরে গিয়ে বসে চুপচাপ। হঠাৎ সোহিনী দৌড়ে ঘরে ঢোকে।

সোহিনী - এই দেখ কালকে মায়ের গোলাপটা। মাথায় পরেছি।
জিকো - কিন্তু তুই?
সোহিনী - কিন্তু আবার কি? দাঁড়া তোর জন্য একটা রিটার্ন গিফ্ট আছে। চোখ বন্ধ করে বস। আমি আসছি।

সোহিনী ছুটে চলে যায়। জিকো চোখ বন্ধ করে অপেক্ষা করতে থাকে। কিছুক্ষণ পরে - "hnothon shey chhulo tum..." জিকোর প্রথম kiss. জীবনের সেরা রিটার্ন গিফ্ট। আর সাথে কানের পাশে আলতো গলায় বলা – "আমি তো তোমাকে সেই কবে থেকেই ভালোবাসি স্যার"।

আবার সেই প্রথম দেখার মত বিদ্যুৎ খেলে গেল জিকো সারা শরীরে। রোমান্টিক হিরোর জাবরা ফ্যান-এর লাইফে রিয়েল রোমান্স টা মাস্টারপিস হয়ে উঠছিল। "3 mistakes of my life" ও যেন সম্পূর্ণ তা পেল সেদিন। জিকো এখন 'in a relationship'. সেই সুবাদে বেশকিছু অপছন্দের কাজ করতেই হয় তাকে - যেমন ফোনে কথা বলা, বন্ধুদের থেকে বান্ধবীকে বেশি সময় দেওয়া ইত্যাদি, ইত্যাদি। এখন তিন বন্ধু জোড়ায়-জোড়ায় বেরোয়। এছাড়া পড়ানো তো রয়েইছে। Happily ever after এর মত এই গল্পে সবার কাহিনী এগিয়ে চলছিল until...

ইন্দ্র (ফোনে) - জলদি বাড়ি আয়! একটা বাজে খবর আছে।
জিকো - কি হলো?
ইন্দ্র - রুদ্র আর সানিয়ার ব্রেকআপ হয়ে গেছে। ওর খুব মন খারাপ। রীমা কেউ ডেকেছি।

জিকো তাড়াতাড়ি পৌঁছয় ওদের বাড়ি। রুদ্র কারো সাথে কথা বলছে না। পুরো চুপ। ইন্দ্র আর রীমা ওকে খুব বোঝানোর চেষ্টা করছে। জিকো ফোনে সানিয়া কে চেষ্টা করে যাচ্ছে, কিন্তু সে ফোন ধরছেনা। কিছুক্ষণ

পর হঠাৎ রুদ্রনীল "I am so sorry Jico, পারলে আমাকে ক্ষমা করে দিস", বলে বেরিয়ে যায় ঘর থেকে। সবাই হতবাক হয়ে তাকিয়ে থাকে। এই কথার কোন তাৎপর্যই কেউ বুঝে উঠতে পারে না।
বিকেলে মন খারাপ করে জিকো যায় সোহিনীর বাড়ি। সোহিনী ও বেশ আনমনা। কিছুই পড়াশোনা হয়নি সেদিন। কিন্তু সোহিনীর কিছু উদ্ভট প্রশ্ন জিকো কে অবাক করে...

জিকো - ওরকম বলে বেরোলো কেন, কিছুতেই বুঝতে পারছি না। কোন লজিক-ই নেই।

সোহিনী - প্রেমে কি লজিক কাজ করে?

জিকো - এ আবার কেমন কথা? ওর ব্রেকআপ-টা আমার সাথে রিলেটেড কি করে?

সোহিনী - হয়তো কিছু বলতে চাইছে তোকে। আচ্ছা, একই সাথে দুজনকে ভালোবাসা যায়?

জিকো - তুই কি পাগল হয়ে গেছিস নাকি? কোথা থেকে কোথায় কথা নিয়ে চলে যাচ্ছিস। আচ্ছা আমি বরং আজ আসি। মনটাও খারাপ, দেখি আরেকবার গিয়ে দেখা করে।

ইন্দ্রকে ডাকতেই সে বেরিয়ে এসে কান্নাকাটি শুরু করে দেয়। রীমা তো রীতিমত ক্রুদ্ধ। ইন্দ্র কে যা নয় তাই বলছে। জিকো কিংকর্তব্যবিমূঢ় হয়ে দাঁড়িয়ে থাকে। হঠাৎ ফোনের আলো জ্বলে ওঠে। সোহিনীর মেসেজ – "আমি আসলে রুদ্র কে ভালবাসি আর ও আমাকে। সানিয়ার সাথে ওর সম্পর্ক ভালো ছিল না বেশ কিছুদিন ধরেই। তোদের বলেনি। তুইও অনেক সময় নিয়েছিলি আমায় বলার জন্য, আমি তাই সিওর ছিলাম না। তখনই আমি আর রুদ্র... Please forgive us. ও খুব কষ্ট পাচ্ছে তোর জন্য"।
জিকো মেসেজটা পড়ে কিছু না বলে বাড়ি ফিরে এসে, সোজা ঘুমিয়ে পড়ে। কান্না পায় না ওর। ফিল্মি ছেলে তাই খালি ফিল্ম দেখলেই কাঁদে। বাস্তব জীবনে মরুভূমি। সে মনে করে emotions এবং feelings আলাদা। Feelings এর বহিঃপ্রকাশ হচ্ছে emotions যেটা নকল করা যায়। কিন্তু feelings একান্তই ব্যক্তিগত, তাই সত্যি। সোহিনী আর রুদ্র সারারাত প্রচুর মেসেজ করেছে যেগুলো সে পড়েও দেখেনি। পরের দিন সকালে রীমা আর ইন্দ্র জিকোর বাড়ি আসে।

ইন্দ্র - আমার ভাইটা বেস্ট ফ্রেন্ড এর সাথে এমনি করবে ভাবি নি।

রীমা - সোহিনী এত ফালতু মেয়ে বেরোলো? তুই খবরদার ওকে আর পড়াতে যাবি না।

জিকো - দেখ এরম রিয়াক্ট করিস না তোরা। আমার খারাপ লাগেনি। প্রেম কি আর লজিক দিয়ে হয়? ওদের হয়ে গেছে, ভালো...

রীমা - ইয়ার্কি হচ্ছে? নিজের বেস্ট ফ্রেন্ড এর গার্লফ্রেন্ড এর সাথে...
জিকো - তখনও কিছু বলিনি আমি...
ইন্দ্র - তাতে কি হয়েছে? দুজনেই তো তোর পছন্দের ব্যাপার জানতো। আমার খারাপ লাগছে আমার ভাই টাই তোকে বেশি করে tease করতো আর সেই কিনা...
ফোনে রুদ্রর মেসেজ আসে – "পারলে আমাকে ক্ষমা করে দিস, আর বলিস কি করতে পারি তোর জন্য?" জিকো মুচকি হেসে রিপ্লাই করে – "ফিরিয়ে দাও! আমার-ই প্রেম তুমি ফিরিয়ে দাও..."।
জিকো - রীমা আমি ওকে পড়াতে যাব। ওটা আমি প্রফেশনাল-ই করতাম। এই কারণে না যাওয়াটা ওটার সাথে রিলেট করিস না। তাছাড়া ওর মা বাবা সোহম কে কি বলবো?

বিকেলে সোহিনী কে পড়াতে যায় জিকো। রোজকার মতো পড়ার ঘরে গিয়ে বসে। সোহিনী ঢোকে। একদম চুপ। Electromagnetics চ্যাপ্টার টা খোলে জিকো। সোহিনী কেঁদে ফেলে।
সোহিনী - কিছু বলবি না?
জিকো (হেসে) – Congratulations! I am so happy for you.
সোহিনী আরো কাঁদতে থাকে।
জিকো - আরে কাঁদছিস কেন? এটা খুব ইম্পরট্যান্ট চ্যাপ্টার। Attraction বুঝতে পারবি...
সোহিনী - তুই কি করে এতটা শান্ত? আমার যে কি গিলটি লাগছে, বোঝাতে পারবো না।
জিকো - পুচকি মেয়ে, এসব হতেই পারে।
সোহিনী - প্লিজ ওই নামে আর ডাকিস না।
জিকো - ঠিক আছে। এমনিতেও ওটা ব্যক্তিগত ছিল।
সোহিনী – তুই কি সত্যিই রেগে নেই?
জিকো – না। কিন্তু তোর অসুবিধে হলে আমি চলে যাচ্ছি।
সোহিনী - একটা রিকোয়েস্ট আছে। তুই একবার রুদ্রর সাথে কথা বলবি? ওর খুব মন খারাপ।
জিকো - ঠিক আছে। আজ এলাম।
গোটা রাস্তা নিজের প্রপোজালের দিন গোলাপ আর তার কাঁটার কথা মনে করতে থাকে জিকো। লোকেদের ৮-১০ বছরের সম্পর্ক ভাঙতে দেখেছে সে। জিকো তো বাস্তববাদী।

কিছুদিন পরে সানিয়া দেখা করে জিকোর সাথে।
সানিয়া (কেঁদে) - তোমার প্রাণের বন্ধুর ব্যাপারে কিছু বলবে না? এখনো তুমি সম্পর্ক রেখেছো ওদের সাথে!

জিকো - একটু ঠান্ডা হ। যা হয়েছে খুব বাজে, কিন্তু উপায় কি বল? তোদের তো শুনলাম বেশ কয়েকদিন ধরে ঝামেলা চলছিল। সে দিক দিয়ে ভালোই।
সানিয়া - সব মিথ্যে। এরকম কিছুই হয়নি। সোহিনীর সাথে প্রথম যেদিন আলাপ করালে, আমাকে তার কয়েক দিন পর থেকেই রুদ্র খালি তোমাদের কথা বলতো। আমি স্বাভাবিক ভাবেই বিরক্ত হতাম। সোহিনী কত ভালো, কি সুন্দর, জিকো কত লাকি ইত্যাদি, ইত্যাদি।
জিকো - what??? কিন্তু রুদ্র-ই তো সব সময় আমায় মনোবল দিত সোহিনী কে প্রপোজ করার জন্য।
সানিয়া - তোমার বন্ধু সবার সাথেই খেলেছে। হঠাৎ আমার সাথে বেমালুম ফোনে কথা বলা কমে গেলো। একদিন কল লিস্ট চেক করে দেখি লাস্ট সব কল 'পুচকি' বলে কাউকে। সন্দেহ হয়। নাম্বার মিলিয়ে দেখি – সোহিনীর।
একটু ভেঙে পড়ে জিকো। 'পুচকি' নামটার সাথে তার ভালোবাসা জড়িয়ে। সেটাকেও প্রিয় বন্ধু জেনে, চুরি করে নিয়েছে। **সানিয়া** - তুমি ঠিক আছো তো? একটা কথা বলি ওদের সাথে সম্পর্ক রেখে লাভ নেই। On the contrary, I would like to know you more. তোমাকে আমি খুব পছন্দ করি বরাবর, আর তাছাড়া আমরাও তো ভালো বন্ধু। আর এক প্রকার রিভেঞ্জ ও হবে।
জিকো কিছু বুঝতে না পেরে, উঠে চলে যায়।

মাঝে মাস খানেক সে আর পড়াতে যায়নি সোহিনী কে। সোহম ও তার মা বাবা বারবার কল করায় বলেছে প্রজেক্ট এর কাজে সময় পাচ্ছে না। শেষ হলেই যাবে। হোস্টেলের রুম ও বদল হয়ে গেছে। ইন্দ্র আর রুদ্র আলাদা রুমে চলে গেছে। রীমাও জিকোর সাথে কথা বলা কমিয়ে দিয়েছে রাগে। সানিয়া মাঝেমধ্যে দেখা করার জন্য মেসেজ করলেও, জিকো প্রত্যেকবার এড়িয়ে গেছে।
সোহম - কিরে তোর নাকি পাত্তাই নেই! আমি এসেছি। চলে আয় বাড়ি।
জিকো - নারে কাজ আছে প্রচুর।
সোহম - আরে শোন! আমিও ইন্জিনিয়ারিং পড়ি। এসব গল্প পরে দিস। চুপচাপ চলে আয়। তারপর বেরোবো।
জিকো অনেকদিন পরে ওদের বাড়ি যায়। সোহিনী একবার এসে ম্লান মুখে "কেমন আছো?" জিজ্ঞেস করে চুপ করে দাঁড়িয়ে থাকে।
সোহিনীর মা - তুই প্লিজ আয়। ওর সামনে পরীক্ষা। অনেক কিছুই বুঝতে পারছে না বলছে।
জিকো - হ্যাঁ আসলে এত চাপ পড়ে গেছে।
সোহম - প্লিজ ভাই আমি থাকলে তো দেখিয়ে দিতাম।

সোহিনী - তুমি সপ্তাহে একবার এসো তাহলেই হবে।
জিকো ওর কথা মনের অজান্তেই ফেলতে পারে না। রাজি হয়ে যায়।

সেই ওপর তলার সোহিনীর ঘর। চেয়ার টেবিল, বিছানা বালিশ, একই আছে। কিন্তু সবই কি এক আছে?

সোহিনী - আমরা কি আর বন্ধু ও নই?
জিকো - এসব কথা না বলে পড়াশোনা করা উচিত। সামনেই তো পরীক্ষা।
সোহিনী - এমনি করিস না প্লিজ। কষ্ট হয়। রুদ্র খুব অ্যাবিউসিভ, একটুও বোঝেনা আমার অসুবিধের কথা।
জিকো - দেখ সোহিনী এটা তোদের ব্যক্তিগত ব্যাপার, আমার কিছু বলা মানায় না।
সোহিনী – 'সোহিনী'? ওহ! আমায় এখন 'পুচকি' বলেও ডাকবি না?
জিকো - সেই নামে তো অন্য কেউ ডাকে বোধ হয় এখন...
সোহিনী (কেঁদে) – আমি-ই ওকে বলেছিলাম... তোর দেওয়া নামটা। আমারই ভুল। কিন্তু ও ওই নামে ডাকে না, ওর পছন্দ নয়।
জিকো - আর তোর...? (অজান্তেই মুখ দিয়ে বেরিয়ে যায়)
সোহিনী – খুউউউব! আমি কি ভুল করে ফেলেছি জিকো? আমি একদমই খুশি নই। আমি যে ফিরে আসতে চাই তোর কাছে।
জিকো আবারো উঠে বেরিয়ে যায়...

পরের দিন সকালে জিকো রীমা কে ফোন করে।

জিকো - এখনো রাগ করে আছিস? খালি পড়াতে যাই বলে?
রীমা - তোর সাথে কোন কথা বলার ইচ্ছে আমার নেই। হ্যাঁ রে তোর কি রাগ হয় না? Useless ছেলে একেবারে! **জিকো** - রাগ করিস না। কাল ইন্দ্রকে দেখলাম রুম-এ এসেছিল। কথা হয়নি, কিন্তু মনে হল কিছু যেন বলতে চাইছিল। **রীমা** - কি আবার বলবে? ফালতু ভাই এর ফালতু দাদা।
জিকো - কি আজেবাজে বকছিস? হয়েছেটা কি?
রীমা - ওটাও তোর মত Useless। নিজের ভাইকে কিছু বলতে পারল না, এখন আবার দোষটা ও মানে না।
জিকো - কিন্তু সেটাই স্বাভাবিক নয় কি? আমি জানি ও খুব দুঃখিত, কিন্তু ভাই এর পাশেই তো দাঁড়াবে।
রীমা - এরকম ফালতু ছেলের সাথে রিলেশন রাখতে পারব না। কাটিয়ে দিয়েছি পরশু। তাই হয়তো এসেছিল তোর কাছে।
জিকো - তুই জন্ম থেকেই পাগল! এরকম কেউ করে নাকি? ওর মতো বয়ফ্রেন্ড খুঁজে পাবি না চাইলেও।
রীমা - জিকো আমরাই তো একে অপরের জন্য ছিলাম। এসব ঝামেলাই হত না। মন ভাঙ্গা ভাঙ্গি। তুই-ই নিজের বন্ধুর ওকালতি করতে এলি, আর

আমিও ফেঁসে গেলাম। এদের গুলি মার আমরাই ভালো নিজেদের জন্য...
সানিয়ার কথা গুলো মনে পড়ে গেল জিকোর। প্রেম বড়ই অদ্‌ভুত, তার প্রতিঘাত ও...

একটাই প্রেম করেছিল জিকো। কিন্তু ঘটনাচক্রে, তিনজনের রিবাউন্ড হওয়ার ভাগ্যও তার হয়েছিল। জীবনে শাহরুখের ছায়াছবিগুলো কে বলে বলে ১০ গোল দিয়ে দিয়েছিল সে। বাস্তববাদ বলে "ismein Sohini ka ghata, Jico ka kuchh nahin jata", কিন্তু ওই যে "pyar sirf ek bar hi hota hai". জিকোর চেয়ে ভালো ওকে কেউ বাসবেনা সেটা সোহিনী নিজেও জানে। ছেলেটা ভালোবাসতে জানে।

আজ ইন্দ্র-রিমা এবং রুদ্র-সানিয়া একে অপরকে বিয়ে করেছে। একই সাথে একই মন্ডপে। ভালো আছে তারা। সোহিনী বিয়ে না করলেও জিকোর-ই কলেজের অন্য এক বন্ধুর সাথে ভালোই আছে। এসবের মধ্যে পরম সত্যিটা এটাই যে জিকো শুধু 'পুচকি' কেই ভালোবাসে এখনও। নিজের নিতান্তই uncreative সত্তা থেকে খুব কষ্টে এই কটা লাইন লিখতে পেরেছিল সে -

এত ভালোবাসি তোমায়,
ভুলতে পারিনা কিছুতে
তুমি যে রয়ে গেছো,
আহত হৃদয় আর জীর্ণ স্মৃতিতে....

E. N. এটি লেখক এর প্রথম গল্প

Cultural Programme

Saturday 20th October, 2018
(Emcees for the day: **Moumita** and **Aurobinda)**

1. We start things off for this year's BIC Durgotsav with a traditional dance performance by **Pratistha Bannerjee** who opens our cultural evening by celebrating Devi Durga– *Aigiri Nandini*.
2. Remember those sentimental afternoons when it drizzles outside and pours inside? **Arpita Saha** sings *Brishti paye paye*.
3. Get ready to clap and sing along; some familiar tunes your way. Brought to you by **Abhishek Natta** with **Tamal Roy** providing the music.
4. **Swarvanu Sanyal**, a BIC veteran breathes life into words with his rendition of the poem, *Africa*.
5. BIC official announcements.
6. One of the pillars of BIC's cultural wing, our theater collective – **Natyashala** is here with a tale of twisted pasts, masked identities and a terrible night of psychological torment. Welcome to the eye of the storm where the past, present and future meld into a grotesque souvenir of broken humanity. This year's NATOK – ***Shesher Shuru***.
7. The team of **Wriddhi Chakraborty**, **Sourav Dutta** and **Soumyadip Ghosh** are ready to belt out some popular numbers. Audience participation is mandatory.
8. We are all familiar with **Malubendu Jana** and his eloquent delivery. Our most consistent performer is back this year with his passion for poetry.
9. Let's relax for a while into a *Boitthoki adda* mood. **Moinack Mondal** brings together **Tamal Roy**, **Debajyoti Saha** and **Saurja DasGupta** for a few minutes of chitchat, poetry and songs.
10. Let us return to the sways and grace of a dance performance by **Parama Dasgupta**.
11. Our friends in the rockgroup, **FTS** have returned with a setlist of heart thumping hits to close things out for the day. Stand up and let go. Let's end today's festivities with a bang!

Sunday 21st October, 2018
(Emcees for the day: **Debolina** and **Rashmi)**

We have a jam-packed schedule for Sunday as well.

1. Our very own **Debasmita Paul** will inaugurate day 2 with a dance performance reminding us why we are here today.
2. **Mithun Saha** is up next with his version of *Majhi Re*.
3. More singing, this time by **Dolon Saha**.
4. **Nandini Chakraborty** takes us to the realms of rhythm and rhyme with *Sankha* by Rabindranath Thakur.
5. We are always discussing how our world is devolving into an unrescuable mess. To convince you that we ARE leaving the world in creative, responsible and sensitive hands we present this year's **BIC Kid's Corner**. Hosted as always by **Pratiksha**, this year's programme will feature a dance by **Ria, Rahul** and **Mishka**, violin by **Aritra**, two dance performances by **Archismita** and **Ahira**, and **Oishi** and **Itoshi**, a song by **Aishani** and finally a closing dance performance by **Vivek** and **Ishani**.
6. Let's get back to adulting. **Annapurna Banerjee, Amitabha Mukhopadhyay** and **Ratika Kunder** will keep the ride going with a song.
7. **Parnali Dhar** has a dance performance for us, next – *Pindale Polasher Bon*.
8. You were waiting for them, and after setting fire to the Chicago Bangla folk music scene, they are here. BIC welcomes **Ochin Pakhi** to our family.
9. As always, we end with some pure, unadulterated *masti*. A topsy-turvy dance number by **Raktima Dasgupta**, **Aurobinda Laha**, **Neelabjo Manna** and **Pratistha Banerjee**. Maybe there is a message to take home at the end. Don't hesitate to join in.

We have our very own t-shirt this year, *again*!! *Still* sounds exclusive?

Get one at the registration desk, and keep us in your memories

Restaurants
Catering
Carry- out
Baby Showers
Birthdays & Anniversaries
Viceroy of India
Restaurants & Banquets
Banquet: upto 275 guests
Weddings
Special Events
Custom Menu
Packages for all Ocassions
The Best Indian Restaurant In Town
Silver Platter Award Winner, Voted #1 Favorite Indian
223 E. Roosevelt Rd. Lombard, IL 60148
Tel: 630-627-4411, www. viceroyofindia.com

guru soundz UK
Indian musical instrument company
@Durgotsav, 2018, BIC, Chicago, USA
Guru Soundz retailers of Indian Musical instruments in UK. We deliver right to your doorstep worldwide.
We sell tabla, sitar, harmonium and many more.
Order online www.gurusoundz.com
Visit our showroom in London, Ilford
Tel: +44 208 594 4040
SANDYMAN
For Musician / DJ in Chicago, USA, contact
DJSANDYMAN
Email: sandy@sandyman.tv
Website: www.sandyman.tv
Tel: +44 795 663 6556 / +44 208 594 4040
FACEBOOK: DJSANDYMANUK
INSTAGRAM: DJSANDYMANMUSIC
YOUTUBE: www.youtube.com/user/MrGURUSOUNDZ